**Table of Content**

# Contents

Table of Content......0
মাধ্যমিক ২০২৬ ......1
মাধ্যমিক ২০২৫......7
মাধ্যমিক ২০২৪......12
মাধ্যমিক ২০২৩ ......17
মাধ্যমিক ২০২২......22
মাধ্যমিক ২০২০......27
মাধ্যমিক ২০১৯......32
মাধ্যমিক ২০১৮......37
মাধ্যমিক ২০১৭......42

# মাধ্যমিক ২০২৬

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১. সঠিক উত্তরটি নির্বাচন করো:

১.১ "ছদ্মবেশে সেদিন হরিদার রোজগার মন্দ হয়নি।" - কোন্ ছদ্মবেশে?

(ক) পুলিশ

(খ) পাগল

(গ) বাইজি

(ঘ) বৈরাগী

১.২ "আমি বাবু ভারী ধর্মভীরু মানুষ।" – 'ধর্মভীরু' মানুষটি কে?

(ক) রামদাস

(খ) গিরীশ মহাপাত্র

(গ) জগদীশবাবু

(ঘ) নিমাইবাবু

১.৩ অমৃতের মতো ছেলে পেলে ইসাবের বাবা কতজনকে পালন করতে পারেন?

(ক) এগারোজনকে

(খ) চোদ্দজনকে

(গ) কুড়িজনকে

(ঘ) একুশজনকে

১.৪ "আমাদের ডান পাশে ধ্বস

আমাদের বাঁয়ে ________"

(ক) সমুদ্র

(খ) গিরিখাদ

(গ) পর্বত

(ঘ) জনপদ

১.৫ ‘প্রলয়োল্লাস’ কবিতার উৎসগ্রন্থ –

(ক) অগ্নিবীণা

(খ) সাম্যবাদী

(গ) প্রলয়শিখা

(ঘ) সর্বহারা

১.৬ কুম্ভকর্ণের দেহ কোথায় ভূপতিত?

(ক) গঙ্গা তীরে

(খ) যমুনা তীরে

(গ) সিন্ধুতীরে

(ঘ) সরযুতীরে

১.৭ “বৈজ্ঞানিক সাহিত্যে যত কম থাকে ততই ভালো।” - কী কম থাকলে ভালো হয়?

(ক) ছন্দ

(খ) অলংকার

(গ) পরিভাষা

(ঘ) আভিধানিক অর্থ

১.৮ “নিবের কলমের মান মর্যাদা বাঁচিয়ে রেখেছিলেন একমাত্র

(ক) অন্নদাশঙ্কর রায়

(খ) সুভাষ মুখোপাধ্যায়

(গ) সুকুমার রায়

(ঘ) সত্যজিৎ রায়

১.৯ পরিভাষার উদ্দেশ্য হল –

(ক) কোনো বিষয়কে বর্ণনা করা

(খ) অর্থ সুনির্দিষ্ট করা

(গ) ভাষার সংক্ষেপ ও অর্থ সুনির্দিষ্ট করা

(ঘ) অর্থের ব্যাখ্যা দেওয়া

১.১০ রামের চেয়ে শ্যাম ভালো খেলে। রেখাঙ্কিত অংশ হল-

(ক) অপাদান কারক

(খ) সম্বন্ধ পদ

(গ) কর্তৃকারক

(ঘ) কর্মকারক

১.১১ বাক্যে কর্তা ও ক্রিয়া যদি একই ধাতু থেকে নিষ্পন্ন হয় তবে সেই কর্তাকে বলে –

(ক) উহ্য কর্তা

(খ) সহযোগী কর্তা

(গ) সমধাতুজ কর্তা

(ঘ) প্রযোজক কর্তা

১.১২ যে সমাসের সাধারণ নিয়মে ব্যাসবাক্য হয় না কিংবা ব্যাসবাক্য নির্ণয় করতে গেলে অন্য পদের প্রয়োজন হয়, সেই সমাসের নাম –

(ক) দ্বন্দ্বসমাস

(খ) দ্বিগু সমাস

(গ) অলোপ সমাস

(ঘ) নিত্য সমাস

১.১৩ 'ক্ষণস্থায়ী' – পদটির সমাস হল –

(ক) করণ তৎপুরুষ

(খ) নিমিত্ত তৎপুরুষ

(গ) ব্যাপ্তি তৎপুরুষ

(ঘ) অপাদান তৎপুরুষ

১.১৪ দুটি সরল বাক্য যখন সংযোজক অব্যয় দ্বারা যুক্ত হয় তখন তাকে বলে –

(ক) জটিল বাক্য

(খ) যৌগিক বাক্য

(গ) মিশ্র বাক্য

(ঘ) নির্দেশক বাক্য

১.১৫ ফেলে আসা দিনগুলি আমার মনে পড়ে গেল। – বাক্যটি হল

(ক) সরল বাক্য

(খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য

(ঘ) মিশ্র বাক্য

১.১৬ যে বাচ্যে কর্ম প্রধান হয়ে ওঠে তাকে বলে –

(ক) কর্তৃবাচ্য

(গ) ভাববাচ্য

(খ) কর্মবাচ্য

(ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ ‘তোমার গল্প আমি ছাপিয়ে দেব।’ - এটি কোন্ বাচ্যের উদাহরণ?

(ক) কর্তৃবাচ্য

(খ) কর্মকর্তৃবাচ্য

(গ) কর্মবাচ্য

(ঘ) ভাববাচ্য

২. কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ১৯ × ১ = ১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১×৪=৮

২.১.১ “-কী আশ্চর্য। চমকে ওঠে ভবতোষ।” -ভবতোষের চমকে ওঠার কারণ কী?

২.১.২ অমৃতের বয়স কত?

২.১.৩ “এই ভীষণ মধুর শব্দ শুনিতে শুনিতে সর্বাঙ্গ অবশ, অবসন্ন হইয়া আসিতেছে।” -কোন্ ‘ভীষণ মধুর শব্দ’ উদ্দিষ্ট ব্যক্তিকে অবসন্ন করেছিল?

২.১.৪ “মুখ ফিরাইয়া হাসি গোপন করিল।” - হাসি গোপন করার কারণ কী?

২.১.৫ “সারা বাড়িতে শোরগোল পড়ে যায়,” – কী নিয়ে শোরগোল পড়ে?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ১×৪=৪

২.২.১ “দণ্ডচারি এই মতে” - একদিণ্ড মানে কত সময়?

২.২.২ “ক্ষমা করো” - এই উক্তির মধ্যে দিয়ে কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে?

২.২.৩ “প্রণমিয়া, ধাত্রীর চরণে,”-এই ‘ধাত্রীর’ পরিচয় দাও

২.২.৪ “সমস্ত সমতলে ধরে গেল আগুন” -আগুন ধরার কারণ কী?

২.২.৫ “আমাদের পথ নেই আর” - তাহলে আমাদের কী করণীয়?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩x১=৩

২.৩.১ “তুমি সবল, আমি দুর্বল তুমি সাহসী, আমি ভীরু।” -এখানে ‘তুমি’ বলতে লেখক আসলে কাকে ইঙ্গিত করেছেন?

২.৩.২ “যিনি কানে কলম গুঁজে দুনিয়া খোঁজেন,”- তাকে কী বলে?

২.৩.৩ “বিজ্ঞান চর্চায় এখনও নানা রকম বাধা আছে।” - কোন্ বিষয়ে এখনও বাধা আছে?

২.৩.৪ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিভাষা সমিতির সঙ্গে কারা কাজ করেছিলেন?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮ × ১ =৮

২.৪.১ অনুক্ত কর্তা কাকে বলে?

২.৪.২ জনে জনে নিমন্ত্রণ করেছি নিম্নরেখ পদটি কী জাতীয় কর্ম?

২.৪.৩ ‘আকাশবাণী’ - সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখো।

২.৪.৪ দ্বিগু সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৫ অলোপ সমাস কাকে বলে?

২.৪.৬ বাক্য নির্মাণের শর্তগুলির নাম উল্লেখ করো।

২.৪.৭ ‘হয় বাংলা পড়ো, নয় ইংরেজি পড়ো।’ - যৌগিক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৮ আবেগসূচক বাক্যের একটি উদাহরণ দাও।

২. ৪.৯ ‘বাড়িতে খবর দিয়েছেন।’ কর্মবাচ্যে রূপান্তর করো।

২.৪.১০ কর্মকর্তৃবাচ্যের একটি উদাহরণ দাও।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও: ৩+৩=৬

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ “শুনেছেন, হরিদা, কী কাণ্ড হয়েছে?”-কারা একথা বলেছেন? ‘কাণ্ড’ টা কী ছিল? ১+২

৩.১.২ “একটু মমতা বোধ করিল বটে,”- কীসের প্রতি কার ‘মমতা বোধ’ হয়েছিল? তার মমতা বোধের কারণ কী? ১+২

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১x৩=৩

৩.২.১ “হাসিবে মেঘবাহন”, – ‘মেঘবাহন’ কে? তিনি হাসবেন কেন? ১+২

৩.২.২ “আসছে নবীন- জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন!”-উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৩

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

৪.১ “তার চেয়ে দুঃখের কিছু নেই, তার থেকে অপমানের!”- কার এমন দুঃখ-অপমান বোধ হয়েছিল? তার এমন মনে হওয়ার কারণ কী? ১+৪

৪.২ “এই জানোয়ারটাকে ওয়াচ করবার দরকার নেই।” - ‘জানোয়ারটা’ বলতে কাকে বোঝানো হয়েছে? তাকে ‘ওয়াচ’ করবার দরকার নেই কেন লেখো ১+৪

৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ “অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো পায়ে” - কবি অস্ত্র ফেলতে বলেছেন কেন? অস্ত্র পায়ে রাখার তাৎপর্য কী? ২+৩

৫.২ ” সে জানত না আমি আর কখনো ফিরে আসব না।” - বক্তা কে? ‘সে’ বলতে কাকে বোঝানো হয়েছে? বক্তার ফিরে না আসার কারণ কী? ১+১+৩

৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

৬.১ “আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।” – কোন্ জিনিস অবলুপ্তির পথে? কীভাবে জিনিসটি অবলুপ্তির পথে গেল আলোচনা করো। ১+৪

৬.২ “আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন।” ‘ত্রিবিধ’ কথা কী কী? তাদের প্রয়োগমূলক দিকগুলি সম্পর্কে আলোচনা করো। ১+৪

৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ “তোমাকে আমরা তোপের মুখে উড়িয়ে দিতে পারি,”- কাকে উদ্দেশ করে বলা? বক্তার এমন বলার কারণ কী? ১+৩

৭.২ “জাতির সৌভাগ্য- সূর্য আজ অস্তাচলগামী,”- বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২x৫=১০

৮.১ “এটা বুকের মধ্যে পুষে রাখুক।” – ‘এটা’ কী? কী ভাবে, কার মধ্যে এটা তৈরি হয়েছিল? ১+৪

৮.২ “তবে আপনার হার্টটা বোধ হয় বেশিদিন এই গন্ধমাদন টানতে পারবে না।” - কে, কাকে একথা বলেছিল? বক্তার একথা বলার কারণ কী? ২+৩

৮.৩ “ফাইট, কোনি ফাইট” – সাধারণ মেয়ে থেকে চ্যাম্পিয়ান হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরণের ‘ফাইট’ করতে হয়েছিল সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

৯. চলিত বাংলায় অনুবাদ করো:

**We are living in an age of science. Science has discovered and invented many things. Electricity is one of the greatest gifts of science to man. Electricity has almost changed the mode of our life.**

১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০.১ ‘সাবধানে চালাও, জীবন বাঁচাও’ এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ ‘রক্তদান জীবনদান’ এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো:

১১.১ বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার

১১.২ বাংলার উৎসব

১১.৩ তোমার জীবনের একটি স্মরণীয় অভিজ্ঞতা

১১.৪ একটি বিদ্যালয়ের আত্মকথা

# মাধ্যমিক ২০২৫

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১। যে কোনো সতেরোটি প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো ১৭×১=১৭

১.১ “তবু লিখছে। লুকিয়ে লিখছে।” এভাবে লেখার কারণ কী?

ক) যেন ভূতে পেয়েছে

খ) যেন স্বপ্নে পেয়েছে

গ) যেন নেশায় পেয়েছে

ঘ) এক আনন্দের অনুভূতিতে

১.২ নদেরচাঁদের বয়স হলো –

ক) ত্রিশ বছর

খ) পয়ত্রিশ বছর

গ) চল্লিশ বছর

ঘ) পঁচিশ বছর

১.৩ গিরীশ মহাপাত্রের জামার রং ছিল-

ক) গেরুয়া

খ) নীল

গ) রামধনু

ঘ) লাল

১.৪ ‘আফ্রিকা’ কবিতায় ‘আদিম যুগ’ ছিল

ক) অন্ধকার

খ) উদ্‌ভ্রান্ত

গ) শান্ত

ঘ) আন্তরিক

১.৫ “বহু যত্নে চিকিৎসিতে পঞ্চকন্যা পাইলা চেতন।”- কতক্ষণ চিকিৎসা করা হয়েছিল?

ক) তিন দণ্ড

খ) চার দণ্ড

গ) পাঁচ দণ্ড

ঘ) দু’দণ্ড

১.৬ রাবণ ইন্দ্রজিৎ-কে রামচন্দ্রের সঙ্গে যুদ্ধ করার কোন্ সময় নির্দেশ করেছিলেন?

ক) অপরাহ্ণে

খ) প্রদোষকালে

গ) প্রভাতে

ঘ) রাত্রে

১.৭ বিখ্যাত লেখক শৈলজানন্দের ফাউন্টেন পেনের সংগ্রহ ছিল –

ক) এক ডজন

খ) দুই ডজন

গ) তিন ডজন

ঘ) ২৫টি

১.৮ "প্রাচীন সুমেরিয়ান বা ফিনিসিয়ান" ফিনিসিয়ানদের লেখনী কী ছিল?

ক) নল-খাগড়া

খ) বাঁশের কঞ্চি

গ) ব্রোঞ্জের শলাকা

ঘ) হাড়

১.৯ কত সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় পরিভাষা সমিতি নিযুক্ত করেন?

ক) ১৯৩৫ সালে

খ) ১৯৩৬ সালে

গ) ১৯৪৫ সালে

ঘ) ১৯৪৬ সালে

১.১০ অনুসর্গ-প্রধান কারক হল-

ক) চার প্রকার

খ) তিন প্রকার

গ) দুই প্রকার

ঘ) পাঁচ প্রকার

১.১১ 'বুলবুলিতে ধান খেয়েছে'- 'বুলবুলি'র সঙ্গে 'তে' যুক্ত হয়ে কী কারক হয়েছে?

ক) অধিকরণ কারক

খ) কর্তৃকারক

গ) কর্মকারক

ঘ) অপাদান কারক

১.১২ কোন্ সমাসে উভয় পদের অর্থ অক্ষুন্ন থাকে?

ক) দ্বন্দ্ব সমাসে

খ) কর্মধারয় সমাসে

গ) বহুব্রীহি সমাসে

ঘ) দ্বিগু সমাসে

১.১৩ যে সমাসে পূর্বপদে উপমেয় ও পরপদে উপমান এবং সাধারণ ধর্মটি উহ্য থাকে, তাকে বলে-

ক) রূপক কর্মধারয়

খ) উপমিত কর্মধারয়

গ) উপমান কর্মধারয়

ঘ) সাধারণ কর্মধারয়

১.১৪ বাক্যের অর্থবোধের জন্য পরস্পরের সঙ্গে সম্বন্ধযুক্ত পদগুলি যখন ঠিকঠাক বসে, তাকে বলে-

ক) যোগ্যতা

গ) আসত্তি

খ) আকাঙ্ক্ষা

ঘ) যোগ্যতাশূন্য

১.১৫ 'আবার তোরা মানুষ হ'।' বাক্যটি

ক) নির্দেশক বাক্য

খ) আবেগসূচক বাক্য

গ) অনুজ্ঞাসূচক বাক্য

ঘ) প্রার্থনাসূচক বাক্য

১.১৬ ভাববাচ্যে প্রাধান্য পায় –

ক) কর্তার ভাব

খ) কর্মের ভাব

গ) কর্মকর্তৃবাচ্যের ভাব

ঘ) ক্রিয়ার ভাব

১.১৭ 'আমি তোমাকে বইটি দিলাম।' এটি কোন্ বাচ্যের উদাহরণ?

ক) কর্তৃবাচ্যের

খ) কর্মবাচ্যের

গ) ভাববাচ্যের

ঘ) কর্মকর্তৃবাচ্যের

২. কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ১৯×১= ১৯

২.১ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ "বিকেলে চায়ের টেবিলে ওঠে কথাটা।" কোন্ কথাটার কথা বলা হয়েছে?

২.১.২ "পরম সুখ কাকে বলে জানেন?" -বক্তা কাকে 'পরম সুখ' বলেছেন?

২.১.৩ "তার আমি জামিন হতে পারি।"-বক্তা কার জামিন হতে পারেন?

২.১.৪ অমৃতের মা ওকে বেকায়দায় ফেলার জন্য কী বলেছিলেন?

২.১.৫ 'নদীর বিদ্রোহ' গল্পের লেখকের প্রকৃত নাম কী?

২.২ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.২.১ "সব চূর্ণ হয়ে গেল," -কী চূর্ণ হয়ে গেল?

২.২.২ অস্ত্রের বিরুদ্ধে একটি কোকিল কীভাবে গান বাঁধবে?

২.২.৩ "অশুভ ধ্বনিতে ঘোষণা করল"- কারা, কী ঘোষণা করলো?

২.২.৪ "যথা বৃহন্নলারূপী কিরীটী,"-'বৃহন্নলারূপী কিরীটী' কে?

২.২.৫ "বিস্মিত হইল বালা…" -বালা কী দেখে বিস্মিত হয়েছিল?

২.৩ যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ "বাস, ভ্যাবাচ্যাকা খেয়ে গেলাম।" -বক্তা 'ভ্যাবাচ্যাকা খেয়ে' গেলেন কেন?

২.৩.২ 'ক্যালিগ্রাফিস্ট' কাদের বলে?

২.৩.৩ "তাতে অনেকে মুশকিলে পড়েছেন,"- কিসে 'মুশকিলে' পড়ার কথা বলা হয়েছে?

২.৩.৪ পরিভাষার উদ্দেশ্য কী?

২.৪ যে-কোনো <u>আটটি</u> প্রশ্নের উত্তর দাও: ৮×১= ৮

২.৪.১ উক্ত কর্তা কাকে বলে?

২.৪.২ অপাদান কারকে শূন্য বিভক্তির একটা উদাহরণ দাও।

২.৪.৩ 'কদাকার' পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম করো।

২.৪.৪ ব্যাসবাক্য কাকে বলে?

২.৪.৫ 'যুক্তির পথে হাঁটো' ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.৬ 'আমি ছিলাম কালিকলমের ভক্ত।'- বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ একটি মিশ্র বাক্যের উদাহরণ দাও।

২.৪.৮ কর্তৃবাচ্য থেকে ভাববাচ্যে রূপান্তরের প্রধান শর্ত কী?

২.৪.৯ 'প্রত্যেককে' ব্যাসবাক্যসহ সমাসের নাম করো।

২.৪.১০ অনুসর্গযোগে করণ কারকের একটি উদাহরণ দাও।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি <u>৬০</u>টি শব্দে উত্তর দাও: ৩+৩ =৬

৩.১ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ "এতে দুজনেরই ভয় কেটে গেল," – দু'জন কে কে? কীভাবে তাদের ভয় কেটে গেল? ১+২

৩.১.২ "তখন আহ্লাদে কাঁদো কাঁদো হয়ে যায়।"- 'তখন' বলতে কোন্ সময়ের কথা বলা হয়েছে? বক্তা 'আহ্লাদে কাঁদো কাঁদো' কেন? ১+২

৩.২ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.২.১ "এ অদ্ভুত বারতা, জননি কোথায় পাইলে তুমি,"-'জননি' কে? তাঁর কোন্ বার্তাকে 'অদ্ভুত' বলা হয়েছে? ১+২

৩.২.২ "পৃথিবী হয়তো গেছে মরে"- কোন্ কবিতার উদ্ধৃতি? উদ্ধৃতিটির অর্থ পরিস্ফুট করো। ১+২

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ "নদীকে এভাবে ভালোবাসিবার একটা কৈফিয়ত নদেরচাঁদ দিতে পারে।"- নদের-চাঁদ কী কৈফিয়ত দিতে পারে? এভাবে ভালোবাসার কী পরিণতি হয়? ২+৩

৪.২ "পরস্পরের প্রতি ভালোবাসার গল্প শুনে তাঁদেরও বুক ভরে গেল।"- কাদের ভালোবাসার কথা বলা হয়েছে? পরস্পরের প্রতি তাদের ভালোবাসার পরিচয় দাও। ১+৪

৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ "নমি পুত্র পিতার চরণে, করজোড়ে কহিলা"- পিতা ও পুত্রের পরিচয় দাও। কবিতা অবলম্বনে পিতা-পুত্রের কথোপকথন সংক্ষেপে লেখো। ১+৪

৫.২ "চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।।" – কাকে একথা বলা হয়েছে? কীভাবে তার 'অপমানিত ইতিহাসে' চিরচিহ্ন দিয়ে গেল? ১+৪

৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ "আমার মনে পড়ে প্রথম ফাউন্টেন কেনার কথা।" – বক্তা কোথার ফাউন্টেন কিনতে গিয়েছিলেন? তাঁর ফাউন্টেন কেনার ঘটনাটি বিবৃত করো। ১+৪

৬.২ "এই দোষ থেকে মুক্ত না হলে বাংলা বৈজ্ঞানিক সাহিত্য সুপ্রতিষ্ঠিত হবে না।" কোন্ দোষের কথা বলা হয়েছে? কীভাবে এই দোষ থেকে মুক্ত হওয়া সম্ভব বলে লেখক মনে করেন? ২+৩

৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "তার সামান্য পরিচয় আজ দিয়ে রাখলাম।" – কার উদ্দেশ্যে বক্তা এই কথা বলেছেন? তিনি কী 'সামান্য পরিচয়' দিয়ে রাখলেন? ১+৩

৭.২ "আজ আপনাদের কাছে এই ভিক্ষা যে,..." – 'আপনাদের' বলতে বক্তা কাদের বুঝিয়েছেন? তিনি কেন, কী 'ভিক্ষা' চেয়েছেন? ১+৩

৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

৮.১ 'কোনি' উপন্যাস অবলম্বনে প্রশিক্ষক ক্ষিতীশ সিংহের চরিত্র সংক্ষেপে আলোচনা করো। ৫

৮.২ 'বারুণী' কী? বারুণী উপলক্ষে গঙ্গাতীরের যে দৃশ্য 'কোনি' উপন্যাসে ফুটে উঠেছে, তা লেখো। ১+৪

৮.৩ "গাছে অনেকদূর উঠে গেছি। মই কেড়ে নিলে নামতে পারব না।" -বক্তা কে? তার এই কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪

৯. চলিত বাংলায় অনুবাদ করো: ৪

**Work is another name of life. Idle persons have no place on earth. Wastage of time means wastage of life. If you want to be happy, you have to do your duties regularly.**

১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ৫

১০.১ 'জলের অপচয় রোধে সচেতনতা শিবির'-এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো <u>একটি</u> বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ১০

১১.১ দৈনন্দিন জীবনে বিজ্ঞান

১১.২ বনসংরক্ষণ

১১.৩ সময়ের মূল্য

১১.৪ চরিত্র গঠনে খেলাধূলার ভূমিকা

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২. কম-বেশি <u>২০</u>টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো চারটি): ১×৮=৮

১২.১ "আক্ষেপ করেন হরিদা"— হরিদার আক্ষেপের কারণ কী?

১২.২ 'অসম্ভব একদিন'কবিতার বাংলা অনুবাদ কে করেন?

১২.৩ গিরিশ মহাপাত্রের টাংক থেকে কী পাওয়া গিয়েছিল0?

১২.৪ "আসছে নবীন"—'নবীন' কারা?

১২.৫ "হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল"—বুদ্ধিটা কী ছিল?

১৩। কম-বেশি <u>৩০</u>টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৩=৬

১৩.১ "আপনি কি ভগবানের চেয়েও বড়ো?"—কাকে একথা বলা হয়েছে? তাকে এ কথা বলা হয়েছে কেন?

১৩.২ "তারা আর স্বপ্ন দেখতে পারল না"—'তারা' কারা? তারা কেন স্বপ্ন দেখতে পারল না?

১৩.৩ "ইসমাবের মেজাজ চড়ে গেল"—ইসমাবের মেজাজ চড়ে যাওয়ার কারণ কী?

# মাধ্যমিক ২০২৪

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘন্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘন্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১। যে কোনো সতেরোটি প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো: ১৭×১=১৭

১.১ নকল পুলিশ সেজে হরিদা মাস্টারমশায়ের কাছ থেকে কত ঘুষ নিয়েছিলেন?

(ক) চার আনা

(খ) আট আনা

(গ) এক টাকা

(ঘ) দু'টাকা

১.২ "লল্লাটের লেখা তো খণ্ডাবে না।"- বক্তা কে?

(ক) জগদীশ বাবু

(খ) রাম দাস

(গ) গিরীশ মহাপাত্র

(ঘ) অপূর্ব

১.৩ পান্নালাল প্যাটেল কোন ভাষার লেখক ছিলেন?

(ক) পাঞ্জাবি

(খ) মারাঠি

(গ) গুজরাতি

(ঘ) হিন্দি

১.৪ "আমাদের শিশুদের শব ছড়ানো রয়েছে!"

(ক) কাছে

(খ) দূরে

(গ) অনেক দূরে

(ঘ) কাছে দূরে

১.৫ "ক্ষুরের দাপট তারায় লেগে উল্কা ছুটায়।"

(ক) পাষাণ স্তূপে

(খ) নীল খিলানে

(গ) গগন তলে

(ঘ) ঝড় তুফানে

১.৬ "যথা বৃহন্নলারূপী কিরীটা," 'কিরীটী' হলেন

(ক) কার্তিক

(খ) ভীম

(গ) অর্জুন

(ঘ) রাবণ

১.৭ খাগের কলম কখন দেখা যায়?

(ক) হাতেখড়ির সময়

(খ) সরস্বতী পূজার সময়

(গ) হালখাতার সময়

(ঘ) নববর্ষের সময়

১.৮ বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার একটি প্রধান বাধা হল

(ক) বাংলা ভাষার প্রতি অনীহা

(খ) ইংরেজির প্রতি আকর্ষণ

(গ) বাংলা পারিভাষিক শব্দ কম

(ঘ) বাংলা পারিভাষিক শব্দ বেশি

১.৯ শেষ পর্যন্ত নিবের কলমের মান মর্যাদা কে একমাত্র বাঁচিয়ে রেখেছিলেন?

(ক) অন্নদাশঙ্কর রায়

(খ) সুনীল গঙ্গোপাধ্যায়

(গ) নিখিল সরকার

(ঘ) সত্যজিৎ রায়

১.১০ 'নমি পুত্র <u>পিতার</u> চরণে,' নিম্নরেখ পদটি হল

(ক) কর্তৃকারক

(খ) সম্বন্ধপদ

(গ) সম্বোধনপদ

(ঘ) কর্মকারক

১.১১ সূর্য উঠলে পদ্ম ফোটে। 'সূর্য' হল-

(ক) অনুক্ত কর্তা

(খ) উক্ত কর্তা

(গ) নিরপেক্ষ কর্তা

(ঘ) উপবাক্যীয় কর্তা

১.১২ 'শাপমুক্ত'- সমস্তপদটির সমাসের নাম

(ক) করণ তৎপুরুষ

(খ) অপাদান তৎপুরুষ

(গ) অধিকরণ তৎপুরুষ

(ঘ) কর্ম তৎপুরুষ

১.১৩ 'শিশুর শরীর কুসুমের মতো কোমল।' এই বাক্যে 'কোমল' হল

(ক) উপমান

(খ) উপমেয়

(গ) উপমিত

(ঘ) সাধারণ ধর্ম

১.১৪ 'আই.পি.এল শুরু হল, যারা কলকাতার সমর্থক তারা উৎসাহী হয়ে উঠেছে।' গঠন অনুসারে বাক্যটি

(ক) সরল বাক্য

(খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য

(ঘ) মিশ্র বাক্য

১.১৫ নির্দেশক বাক্যের একটি শ্রেণি হল

(ক) প্রশ্নবাচক বাক্য

(খ) শর্তসাপেক্ষ বাক্য

(গ) সন্দেহবাচক

(ঘ) নঞর্থক বাক্য

১.১৬ ক্রিয়ার সঙ্গে কর্তার পুরুষবাচক বিভক্তি যুক্ত হয়-

(ক) কর্তৃবাচ্যে

(খ) কর্মবাচ্যে

(গ) ভাববাচ্যে

(ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১৭ 'কাল থেকে সে আনন্দ করছে।' ⟶ 'কাল থেকে তার আনন্দ করা হচ্ছে।' এখানে যে বাচ্যান্তর ঘটেছে তা হল

(ক) কর্তৃবাচ্য থেকে ভাববাচ্য

(খ) ভাববাচ্য থেকে কর্মবাচ্য

(ঘ) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য

(গ) কর্মবাচ্য থেকে ভাববাচ্য। উ

২. কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ১৯× ১ = ১৯

২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ "ভালো হবে না বলছি।" কোন কথার পরিপ্রেক্ষিতে বক্তার এমন উক্তি?

২.১.২ "এবার মারি তো গন্ডার, লুটি তো ভান্ডার।"- কথাগুলো কে, কাদের বলেছিলেন?

২.১.৩ "মিথ্যেবাদী কোথাকার।" উদ্দিষ্ট ব্যক্তিকে কেন মিথ্যাবাদী বলা হয়েছে?

২.১.৪ "আরও বেশি অপরিচিত মনে হইল।" উদ্দিষ্টকে 'বেশি অপরিচিত' মনে হওয়ার কারণ কী?

২.১.৫ "এসো, আমরা কুস্তি লড়ি।" কে, কার সঙ্গে কুস্তি লড়তে চেয়েছিল?

২.২ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১ = ৪

২.২.১ "সিন্ধুতীরে দেখি দিব্যস্থান।" 'দিব্যস্থান' কেমন ছিল?

২.২.২ "ঘাস জন্মালো রাস্তায়" কখন রাস্তায় ঘাস জন্মালো?

২.২.৩ "কৃপণ আলোর অন্তঃপুরে।" আলোর কৃপণতার কারণ কী?

২.২.৪ "নাদিলা কর্বুরদল হেরি বীরবরে," 'কর্বুরদল' শব্দটির অর্থ কী?

২.২.৫ "পৃথিবী হয়তো গেছে মরে" পৃথিবী সম্পর্কে এমন বলার কারণ কী?

২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ "ইতিহাসে ঠাঁই কিন্তু তার পাকা।" ইতিহাসে কার পাকা ঠাঁই?

২.৩.২ অবিখ্যাত লেখকের বৈজ্ঞানিক রচনা প্রকাশের আগে কী সতর্কতা নেওয়া উচিত?

২.৩.৩ "তার ফলে তাঁদের চেষ্টা অধিকতর সফল হয়েছে।" 'তার ফলে' বলতে কী বোঝানো হয়েছে?

২.৩.৪ "একসময়ে বিদেশে উন্নত ধরনের নিব বের হয়েছিল" কীভাবে?

২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮×১ = ৮

২.৪.১ বাংলায় কী দেখে কারক নির্ণয় করা হয়?

২.৪.২ মুখ্য কর্মের একটি উদাহরণ দাও।

২.৪.৩ 'ঋষিবালক' পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ নীচের ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো- 'অন্ধ করে যে'।

২.৪.৫ 'সংগ্রহ করেছিল দুর্গমের রহস্য।' জটিল বাক্যে রূপান্তর করো।

২.৪.৬ 'আমি ছিলাম কালিকলমের ভক্ত।' বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে রূপান্তর করো।

২.৪.৭ 'এসো যুগান্তের কবি।' ভাববাচ্যে পরিণত করো।

২.৪.৮ কর্মবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৯ যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০ কোন্ সমাসে দুটি বিজাতীয় সমস্যমান পদের মধ্যে অভেদ কল্পনা করা হয়?

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও: ৩+৩=৬

৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ "এই সুখবরে তারা সব খুশি হয়ে গেল।" কারা, কেন খুশি হয়েছিল? ১+২

৩.১.২ "এমন সময় ঘটল সেই ঘটনা।"- কোন ঘটনার কথা বলা হয়েছে? ৩

৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.২.১ "আমি তাকে ছেড়ে দিলাম" কে কাকে ছেড়ে দিয়েছিলেন? ১+২

৩.২.২ "দিগম্বরের জটায় হাসে শিশু-চাঁদের কর"- দিগম্বর কে? উদ্ধৃতিটির অর্থ কী? ১+২

৪. কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ "এমন সৌভাগ্যকে অপূর্বর মন যেন গ্রাহ্যই করিল না।" এখানে কোন ঘটনার ইঙ্গিত করা হয়েছে ? তাকে 'সৌভাগ্য' বলা হল কেন? ১+৪

৪.২ "বড়ো চমৎকার আজকে এই সন্ধ্যার চেহারা।" 'এই সন্ধ্যার' পরিচয় দাও। সে দিনের সন্ধ্যার ঘটনাটি বর্ণনা করো। ২+৩

৫. কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ "আমরা ভিখারি বারোমাস।" কোন পরিস্থিতিতে 'আমরা' বারোমাস ভিখারি? এই অবস্থায় কী দরকার বলে কবি মনে করেন? ৩+২

৫.২ "পঞ্চকন্যা পাইলা চেতন।" 'পঞ্চকন্যা' কারা? কার চেষ্টায় কীভাবে পঞ্চকন্যা চেতনা ফিরে পেল? ২+৩

৬. কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ বাংলা ভাষায় বিজ্ঞান রচনার সমস্যাগুলি আলোচনা করো। ৫

৬.২ "সব মিলিয়ে লেখালেখি রীতিমতো ছোটোখাটো একটা অনুষ্ঠান।" লেখালেখি ব্যাপারটিকে একটা ছোটোখাটো অনুষ্ঠান বলা হয়েছে কেন বুঝিয়ে লেখো। ৫

৭. কম-বেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "তোমাদের কাছে আমি লজ্জিত।" কে কার কাছে লজ্জিত? তাঁর লজ্জিত হওয়ার কারণ ব্যাখ্যা করো। ১+৩

৭.২ "জানি না, আজ কার রক্ত সে চায়।" বক্তা কে? বক্তার এমন মন্তব্যের কারণ কী? ১+৩

৮. কম-বেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৫ = ১০

৮.১ দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই তা সংক্ষেপে বর্ণনা করো। ৫

৮.২ "না। আমি নামব না।" বক্তার এমন অভিমানের কারণ কী? শেষ পর্যন্ত কী ঘটল? ২+৩

৮.৩ “এত কেচ্ছা সাধন করেন, বাঁচবেন কী করে?” কে কোন প্রসলো কাকে কথাগুলি বলেছিলেন? উদ্দিষ্ট ব্যক্তির কেচ্ছা সাধনের বর্ণনা দাও। ২+৩

৯. চলিত বাংলায় অনুবাদ করো: ৪

**We live in India and work for India. But we should not forget that we belong to the larger family of the world. The people living in other countries are after all our cousins. It would be such an excellent thing if all the people in the world were happy and contend.**

১০. কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

১০.১ মোবাইল ফোন ব্যবহারের ভালো মন্দ নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ ‘জলা বুজিয়ে সবুজ ধ্বংস করে আবাসন নয়।’ এই বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করো।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ১০

১১.১ মানব কল্যাণে বিজ্ঞান

১১.২ বই মানুষের শ্রেষ্ঠ সঙ্গী

১১.৩ দেশভ্রমণ শিক্ষার অঙ্গ

১১.৪ একটি কলমের আত্মকথা

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২. কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে কোনো চারটি): ১×৪

১২.১ “দুটো একটা পয়সা ফেলেও দিচ্ছে” – কারা পয়সা ফেলে দিচ্ছে?

১২.২ “তার আমি জামিন হতে পারি” – কে কার জামিন হতে চেয়েছিল?

১২.৩ অমৃত কেন কুস্তি লড়তে রাজি ছিল না?

১২.৪ “আঁকড়ে ধরে সে-খড়কুটো” – ‘সে-খড়কুটো’ বলতে কী বোঝানো হয়েছে?

১২.৫ “কে বহিল করে প্রিয়ানুজে ?”— ‘প্রিয়ানুজ’ কাকে বলা হয়েছে?

১৩। কম-বেশি ৩০টি শব্দের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৩=৬

১৩.১ “বুনো হাঁস ধরাই যে এদের কাজ ;”— বক্তা কে? তাঁর এই মন্তব্যের অর্থ বুঝিয়ে দাও। ১+২

১৩.২ “বড়ো ভয় করিতে লাগিল নদীর চাঁদের” – নদীর চাঁদ কে? কখন তার ভয় করেছিল? ১+২

১৩.৩ “ফিক মেরে!”— কে, কেন নিজেকে ফিকার দিয়েছিলেন? ১+২

# মাধ্যমিক ২০২৩

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘন্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘন্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১। যে কোনো সতেরোটি প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো: ১৭×১=১৭

১.১ ইসাবের বাবা পাঠান কী বলে অমৃতের মাকে সম্বোধন করেছিলেন?

(ক) বাহালি কাকিমা বলে

(খ) বাহালি বৌদি বলে

(গ) বাহালি বহিন বলে

(ঘ) বাহালি দিদি বলে

১.২ "আশ্চর্য হয়েছি, একটু ভয়ও পেয়েছি।"- হরিদার কোন রূপ দেখে বক্তার এমন দশা হয়েছিল?

(ক) কাপালিক রূপ দেখে

(গ) পুলিশের সাজ দেখে

(খ) বাইজির রূপ দেখে

(ঘ) বিরাগী রূপ দেখে

১.৩ পুলিশ স্টেশনে বসে থাকা বাঙালিরা কোথায় কাজ করত?

(ক) বর্মা জাহাজঘাটে

(খ) বর্মা অয়েল কোম্পানিতে

(গ) বর্মা কয়লাখনিতে

(ঘ) বর্মা চটকলে

১.৪ 'অসুখী একজন' কবিতার কথক ঘুমিয়েছিলেন

(ক) বারান্দায়

(খ) মেঝেতে

(গ) ঝুলন্ত বিছানায়

(ঘ) ঘাস জন্মানো রাস্তায়

১.৫ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবি 'অস্ত্র' রাখতে বলেছেন। –

(ক) ঋষি বালকের পায়ে

(খ) নদীতে

(গ) দেশগাঁয়ে

(ঘ) গানের দুটি পায়ে

১.৬ "অভিষেক করিলা কুমারে।" – কিভাবে রাজা কুমারকে অভিষেক করলেন ?

(ক) বিশ্বপত্র দিয়ে

(খ) দধিদুধ দিয়ে

(গ) গঙ্গোদক দিয়ে

(ঘ) পাদোদক দিয়ে

১.৭ আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল-

(ক) ফাউন্টেন পেন

(খ) রিজার্ভার পেন

(গ) ঝর্ণা কলম

(ঘ) পার্কার পেন

১.৮ **Sensitized paper** -এর বাংলা অনুবাদ কী লিখলে ঠিক বলে মনে করেন লেখক—

(ক) স্পর্শ কাতর কাগজ

(খ) সুগ্রাহী কাগজ

(গ) সুবেদী কাগজ

(ঘ) ব্যথাপ্রবণ কাগজ

১.৯ "সম্ভবত শেষ পর্যন্ত নিবের কলমের মান মর্যাদা বাঁচিয়ে রেখেছিলেন একমাত্র-

(ক) অন্নদাশঙ্কর রায়

(খ) শৈলজানন্দ মুখোপাধ্যায়

(গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

(ঘ) সত্যজিৎ রায়

১.১০ অন্যের পরিচালনায় যে কতা কাজ করে, তাকে বলে-

(ক) প্রযোজক কর্তা

(খ) প্রযোজ্য কর্তা

(গ) সহযোগী কর্তা

(ঘ) উহ্য কর্তা

১.১১ 'আমাদের ইতিহাস নেই' – নিম্নরেখ পদটি

(ক) কর্তৃকারক

(খ) কর্মকারক

(গ) সম্বন্ধ পদ

(ঘ) অধিকরণ কারক

১.১২ উপমান ও উপমেয় পদের অভেদ কল্পনা করা হয় যে সমাসে, তার নাম

(ক) উপমিত কর্মধারয়

(খ) উপমান কর্মধারয়

(গ) রূপক কর্মধারয়

(ঘ) সাধারণ কর্মধারয়

১.১৩ 'চিরসুখী' পদটি হল

(ক) করণ তৎপুরুষ

(খ) কর্ম তৎপুরুষ

(গ) ব্যাপ্তি তৎপুরুষ

(ঘ) সম্বন্ধ তৎপুরুষ

১.১৪ ‘তোরা সব জয়ধ্বনি কর’- এটা কী জাতীয় বাক্য?

(ক) নির্দেশক বাক্য

(খ) অনুজ্ঞাসূচক বাক্য

(গ) আবেগসূচক বাক্য

(ঘ) প্রার্থনাসূচক বাক্য

১.১৫ আজকের সকালটা বেশ কাটল। – গঠনগত দিক দিয়ে বাক্যটি হ’ল

(ক) সরল বাক্য

(খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য

(ঘ) মিশ্র বাক্য

১.১৬ মহাশয়ের কী করা হয় – এটি কোন বাচ্যের দৃষ্টান্ত?

(ক) কর্তৃবাচ্য

(খ) কর্মবাচ্য

(গ) ভাববাচ্য

(ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ যে বাক্যে কর্তা অনুপস্থিত থাকে এবং কর্মই কর্তারূপে প্রতীয়মান হয়, তাকে বলে—

(ক) কর্মবাচ্য

(খ) কর্তৃবাচ্য

(গ) কর্মকর্তৃবাচ্য

(ঘ) ভাববাচ্য

২। কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও: ১৯ ×১=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ “হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল।” — ‘বুদ্ধি’ টা কী ছিল? –

২.১.২ “বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের।” নদের চাঁদের ভয় করার কারণ কী?

২.১.৩ “অপূর্ব মুগ্ধ হইয়া সেইদিকে চাহিয়া ছিল”— অপূর্ব কী দেখে মুগ্ধ হয়ে গিয়েছিল?

২.১.৪ “আক্ষেপ করেন হরিদা।”— হরিদার আক্ষেপের কারণ কী ?

২.১.৫ “রত্নের মূল্য জহুরির কাছেই” – কথাটির অর্থ কী?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.২.১ “যেখানে ছিল শহর”— সেখানকার কী অবস্থা হল?

২.২.২ “বলো ‘ক্ষমা করো”- – কীসের জন্য এই ক্ষমা প্রার্থনা?

২.২.৩ “হা ধিক্ মোরে”। বক্তা নিজেকে ধিক্কার দিচ্ছেন কেন?

২.২.৪ “তথা কন্যা থাকে সর্বক্ষণ” কন্যা কোথায় থাকে?

২.২.৫ “ধ্বংস দেখে ভয় কেন তোর” – কবি ধ্বংসকে ভয় পেতে নিষেধ করেছেন কেন?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ ‘কুইল’ কাকে বলে?

২.৩.২ বঙ্গীয় সাহিত্য পরিষদের উদ্যোগে কী ত্রুটি ছিল?

২.৩.৩ "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।" আজ কী অবলুপ্তির পথে?

২.৩.৪ "বাংলায় বিজ্ঞান শেখা তাদের সংস্কারের বিরোধী নয়।" –কাদের পক্ষে এই শিক্ষা সংস্কার-বিরোধী নয়?

২.৪. যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮×১=৮

২.৪.১ বিভক্তি কাকে বলে?

২.৪.২ নিরপেক্ষ কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৩. 'উপগ্রহ' কথাটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ 'অলোপ সমাস' কাকে বলে?

২.৪.৫ বিমলবাবুর ছেলে হেঁটে হেঁটে স্কুল যায় –বাক্যটির উদ্দেশ্য ও বিধেয় অংশ চিহ্নিত করো।

২.৪.৬ খাঁটি গোরুর দুধ খেতে হবে।- এটি বাক্য নয় কেন?

২.৪.৭ ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৮ 'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল'- জটিল বাক্যে পরিবর্তন করো।

২.৪.৯ সিঁড়ি থেকে নামা হল। – বাক্যটিকে কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.১০ চাঁদের পাহাড়ের গল্প কখনও ভুলব না- বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে রূপান্তর করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও: ৩+৩=৬

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ "তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়"- 'ঢং' বলতে কী বোঝানো হয়েছে? কীসে ঢং নষ্ট হয়ে যাবে? ১+২

৩.১.২ 'ওরা ভয়ে কাঠ হয়ে গেল "ওরা কারা? তারা ভয়ে কাঠ হয়ে গেল কেন? ১+২

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.২.১ "এল মানুষ ধরার দল" "মানুষ ধরার দল' কোথায় এল ? তাদের 'মানুষ ধরার দল' বলার কারণ কী? ১+২

৩.২.২ "আমরা ভিখারি বারোমাস "- "আমরা" বলতে কারা ? 'ভিখারি' শব্দ বলে কবি কী বোঝাতে চেয়েছেন? ১+২

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ "নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে।"— কার 'পাগলামি'-র কথা বলা হয়েছে? তার পাগলামির পরিচয় দাও? ১+৪

৪.২ "তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।"— কোন দিন তপনের এমন মনে হয়েছিল? তার এমন মনে হওয়ার কারণ কী? ২+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ "হায়, বিধি বাম মম প্রতি" – বক্তা কে? তার এরূপ বক্তব্যের কারণ কী? ১+৪

৫.২ জয় গোস্বামীর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবির যে যুদ্ধ বিরোধী মনোভাবের পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও? ৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ বাংলা বিজ্ঞান বিষয়ক গ্রন্থের পাঠকদের লেখক যে দুটি শ্রেণিতে ভাগ করেছেন, তাদের পরিচয় দাও। ৫

৬.২ তাই দিয়ে আমাদের প্রথম লেখালেখি"— লেখকের প্রথম লেখালেখির আয়োজনের পরিচয় দাও। ৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "বাংলার মান, বাংলার মর্যাদা, বাংলার স্বাধীনতা রক্ষার প্রয়াসে আপনারা আপনাদের শক্তি দিয়ে, বুদ্ধি দিয়ে, সব রকমে আমাকে সাহায্য করুন" সিরাজ কাদের কাছে সাহায্যের আবেদন জানিয়েছিলেন। কেন তিনি এই সাহায্যের প্রত্যাশী হয়েছেন? ১+৩

৭.২ "এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ করো।"- বক্তা কাকে দরবার ত্যাগ করতে বলেছেন? তাকে দরবার ত্যাগ করতে বলার কারণ কী? ১+৩

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

৮.১ ক্ষিদ্দা কীভাবে কোনির জীবনে প্রেরণা হিসাবে কাজ করেছিল, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৮.২ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল"— কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল, তা লেখো। ৫

৮.৩ "ঘাটে থই থই ভিড়।" – কোন্ ঘাটে থই থই ভিড়? ভিড়ের কারণ কী? এই ভিড়ের.. বর্ণনা দাও। ১+১+৩

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো: ৪

**It is very difficult to get rid of bad habits. So, we should be very careful that we do not get into bad habits in our childhood. Idleness is one such bad habit. Every boy and girl should be diligent.**

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

১০.১ প্লাস্টিকের ব্যবহার নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'নিজস্বী (সেলফি) তুলতে গিয়ে দুর্ঘটনা'- এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ১০

১১.১ বর্তমান যুগ ও কুসংস্কার

১১.২ বন ও বন্যপ্রাণ সংরক্ষণ

১১.৩ বাংলার ঋতু বৈচিত্র

১১.৪ একটি পথের আত্মকথা

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো চারটি): ৪×১=৪

১২.১ "এর মধ্যে তখন কোথা?" — উক্তিটিতে কী বোঝানো হয়েছে?

১২.২ "বুড়োমানুষের কথাটা শুনো" – বুড়ো মানুষটি কী কথা বলেছিলেন?

১২.৩ "নদেরচাঁদটি ভীত হইয়া গেল" – নদেরচাঁদের ভীত হইবার কারণ কী?

১২.৪ "তবে এ বার্তা, এ অশুভ বার্তা," — বার্তাটি অশুভ কেন?

১২.৫ "বন্ধুরা প্রদীপ তুলে ধর" – বন্ধুরা প্রদীপ তুলে ধরবে কেন?

১৩। কম-বেশি ৩০টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৩=৬

১৩.১ "পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?" — কোন ঘটনাটিকে কেন অলৌকিক বলা হয়েছে? ১+২

১৩.২ "সে যে কর্ম্মে এসেছে এ খবর সত্য" – কার কথা বলা হয়েছে? বাঘের জন্য কী ব্যবস্থা গ্রহণের কথা বলেছেন? ১+২

১৩.৩ "পদ্মকন্যা পাখিলা চেতন" – 'পদ্মকন্যা' কীভাবে চেতনা ফিরে পেল? ১+২

# মাধ্যমিক ২০২২

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘন্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘন্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১। যে কোনো সতেরোটি প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো: ১৭×১=১৭

১.১ পত্রিকায় প্রকাশ পাওয়া তপনের গল্পটির নাম

(ক) ইস্কুলের গল্প

(খ) একদিন

(গ) প্রথম দিন

(ঘ) রাজার কথা

১.২ গিরীশ মহাপাত্রের বয়স –

(ক) চল্লিশ-বিয়াল্লিশ

(খ) ত্রিশ-বত্রিশের অধিক নয়

(গ) পঞ্চাশ-পঞ্চান্ন

(ঘ) পঞ্চাশের কাছাকাছি

১.৩ জগদীশবাবু বিরাগীকে প্রণামী দিতে চেয়েছিলেন

(ক) এক হাজার টাকা

(খ) পাঁচশো টাকা

(গ) একশো এক টাকা

(ঘ) একশো টাকা

১.৪ "কালো ঘোমটার নীচে অপরিচিত ছিল"— কী অপরিচিত ছিল ?

(ক) তোমার রহস্যময় রূপ

(খ) তোমার চেতনাতীত রূপ

(গ) তোমার আরণ্যক রূপ

(ঘ) তোমার মানবরূপ

১.৫ "আমাদের ডান পাশে" –

(ক) টাকা

(খ) বাঁধ

(গ) ধ্বস

(ঘ) পথ।

১.৬ "অট্টরোলের হট্টগোলে স্তব্ধ" –

(ক) চরাচর

(খ) মহাকাল

(গ) গগনতল

(ঘ) গিরিশিখর।

১.৭ লেখক শ্রীপান্থের ছেলেবেলায় দেখা দারোগাবাবুর কলম থাকতো –

(ক) কলারের ভাঁজে আটা

(খ) কোমরের বেল্টে আটকানো

(গ) কাঁধের ছোট্ট পকেটে সাজানো

(ঘ) পায়ের মোজায় গোঁজা।

১.৮ উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লেখানো যেতো –

(ক) পনেরো আনায়

(খ) বারো আনায়

(গ) ষোলো আনায়

(ঘ) দশ আনায়।

১.৯ ‘কঙ্কাবতী’ ও ‘ডমরুধর’-এর স্বনামধন্য লেখকের নাম –

(ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

(ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

১.১০ বিভক্তি শব্দের অর্থ কী?

(ক) সংকোচন

(খ) বিভাজন

(গ) প্রসারণ

(ঘ) সংযোজন।

১.১১ <u>কলমে</u> কায়স্থ চিনি – নিম্নরেখ পদটি –

(ক) অপাদান কারক

(খ) কর্তৃকারক

(গ) করণকারক

(ঘ) কর্মকারক।

১.১২ মেসি কী খেলাই না খেললো – কী জাতীয় কর্ম ?

(ক) উহ্য কর্ম

(খ) সমধাতুজ কর্ম

(গ) কর্মের বীপ্সা

(ঘ) উপবাক্যীয় কর্ম।

১.১৩ আর কাউকে পায়ের ধুলো নিতে দেননি সন্ন্যাসী – নিম্নরেখ পদটি

(ক) ক্রিয়াবাচক পদ

(খ) সম্বোধন পদ

(গ) কর্মকারক

(ঘ) সম্বন্ধপদ।

১.১৪ সমাসের মূল অর্থ –

(ক) বর্ণের সাথে বর্ণের মিলন

(খ) নামপদের সাথে ক্রিয়াপদের মিলন

(গ) একাধিক পদের একটি পদে পরিণতি লাভ

(ঘ) ক্রিয়াপদের সাথে ক্রিয়াপদের মিলন।

১.১৫ বুড়োমানুষের কথাটা শুনো – নিম্নলিখিত পদটি যে সমাসের উদাহরণ সেটি হ'ল –

(ক) বহুব্রীহি সমাস

(খ) কর্মধারয় সমাস

(গ) তৎপুরুষ সমাস

(ঘ) অব্যয়ীভাব।

১.১৬ 'দশানন'-এর সমাস হ'ল –

(ক) দ্বিগু

(খ) বহুব্রীহি

(ঘ) কর্মধারয়

(গ) অব্যয়ীভাব।

১.১৭ পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়ে পরপদের অর্থ প্রাধান্য পায় যে সমাসে সেটি হ'ল –

(ক) বহুব্রীহি সমাস

(খ) অব্যয়ীভাব সমাস

(গ) তৎপুরুষ সমাস

(ঘ) নিত্য সমাস।

২। কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও: ১৯ ×১=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ তপন মামার বাড়িতে কেন এসেছিল?

২.১.২ "শুধু এই দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন" – সংকল্পটি কী?

২.১.৩ "আর যাই হোক্, যাকে খুঁজছেন তাঁর কালচারের কথাটা একবার ভেবে দেখুন।"- কার খোঁজ করা হচ্ছিল?

২.১.৪ "মাস্টারমশাই একটুও রাগ করেননি। বরং একটু তারিফই করলেন" – 'তারিফ' করার কারণ কী?

২.১.৫ "কিন্তু ওই ধরনের কাজ হরিদার জীবনের পছন্দই নয়।" — কী ধরনের কাজ হরিদার অপছন্দ ?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.২.১ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।" — 'সভ্যতার শেষ পুণ্যবাণী'-টি কী?

২.২.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি" – কবিতাটির রচয়িতা কে?

২.২.৩ "তারপর যুদ্ধ এলো" – যুদ্ধ কেমনভাবে এলো?

২.২.৪ "এবার মহানিশার শেষে"- কে আসবে?

২.২.৫ "এ কলঙ্ক, পিতঃ, ঘুষিবে জগতে।" – বক্তা কোন্ কলঙ্কের কথা বলেছেন?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ "এই নেশা পেয়েছি আমি শরৎদার কাছ থেকে।"- কোন নেশার কথা বলা হয়েছে?

২.৩.২ "অনেক ধরে ধরে টাইপ রাইটারে লিখে গেছেন মাত্র একজন।" – কার কথা বলা হয়েছে?

২.৩.৩ "কলম তাদের কাছে আজ অস্পৃশ্য।"- কাদের কাছে অস্পৃশ্য?

২.৩.৪ "সোনার দোয়াত কলম যে সত্যই হতো"- বক্তা সোনার দোয়াত কলমের কথা কীভাবে জেনেছিলেন?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

২.৪.১ সমাস কাকে বলে?

২.৪.২ রত্নাকর – শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৩ ক্ষুদ্র গ্রহ – ব্যাসবাক্যটিকে সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

২.৪.৪ একটি নিত্য সমাসের উদাহরণ দাও।

২.৪.৫ উপপদ তৎপুরুষ সমাস কাকে বলে?

২.৪.৬ প্রযোজ্য কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৭ শূন্য বিভক্তি কাকে বলে?

২.৪.৮ সম্বন্ধ পদের বিভক্তি কী কী?

২.৪.৯ একটি গৌণ কর্মের উদাহরণ দাও।

২.৪.১০ নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো : চিঠি পকেটে ছিল।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও:

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ "পত্রিকাটি সকলের হাতে হাতে ঘোরে"- কোন পত্রিকা, কেন সকালের হাতে হাতে ঘুরছিল? ১+২

৩.১.২ "তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না"— বক্তা কে? তার কোন লাঞ্ছনার কথা বলা হয়েছে? ১+২

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩= ৩

৩.২.১ "তারা আর স্বপ্ন দেখতে পারল না।"— 'তারা কারা? কেন স্বপ্ন দেখতে পারল না? ১+২

৩.২.২ "কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে" – বক্তা কে? তাঁর একথা বলার কারণ কী? ১+২

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে।"— বাবুটি কে? তাঁর স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২ "অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সব তুচ্ছ করে সরে পড়লেন?"— কার কথা বলা হয়েছে? তিনি কীভাবে 'খাঁটি সন্ন্যাসীর মতো ব্যবহার করেছিলেন সংক্ষেপে আলোচনা করো। ১+৪

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ "এল মানুষ ধরার দল"— কোথায় এল? মানুষ ধরার দল' এসে কী করেছিল? ১+৪

৫.২ "তোরা সব জয়ধ্বনি কর।"— কবির এই কথা বলার কারণ সংক্ষেপে লেখো। ৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।"— 'সবই'-র পরিচয় দাও। উল্লিখিত বিষয়টি কীভাবে আজ 'অবলুপ্তির পথে' আলোচনা করো। ৩+২

৬.২ "তাই কেটে কাগজের মতো সাইজ করে নিয়ে আমরা তাতে 'হোম-টাস্ক' করতাম।"— কিসে 'হোম-টাস্ক' করা হতো ? 'হোম টাস্ক' করার সম্পূর্ণ বিবরণ দাও। ১+৪

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা, তার শ্যামল প্রান্তরে আজ রক্তের আলপনা" – বক্তা কে? কোন দুর্যোগের কথা বলা হয়েছে?

৭.২ "ওকে ওর প্রাসাদে পাঠিয়ে দিন জাঁহাপনা। ওর সঙ্গে থাকতে আমার ভয় হয়।"- বক্তা কে? তার এরকম ভয় হওয়ার কারণ কী?

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২= ১০

৮.১ "ইচ্ছে থাকলেও ওকে সাঁতার শেখাবার সামর্থ্য আমার নেই।" – কে বলেছিল? তার পরিচয় সংক্ষেপে উল্লেখ করো।

৮.২ "বিষ্টু ধরের বিরক্তির কারণ হাত পনেরো দূরের একটা লোক।"— বিষ্টু ধরের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার বিরক্তির কারণ উল্লেখ করো।

৮.৩ চিড়িয়াখানায় কোনিকে নিয়ে বেড়াতে গিয়ে কী ঘটেছিল? এই ঘটনা থেকে ক্ষিতীশের কী মনে হয়েছিল?

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : ৪

**Newspaper reading has become an essential part of our life. As we get up in the morning we wait eagerly for a daily paper. Twentieth Century was an age of newspaper. Through Newspapers we gather information about different countries of the world.**

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

১০.১ অতিমারীর পরিবেশে মাস্ক পরা ও হাত ধোয়ার প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ তোমাদের পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দের যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো: ১০

১১.১ বর্তমান জীবনে বিজ্ঞান।

১১.২ পরিবেশ ও মানুষ।

১১.৩ তোমার দেখা একটি মেলা।

১১.৪ একটি নদীর আত্মকথা।

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০ টি শব্দের মধ্যে উত্তর দাও ( যে-কোনো চারটি): ১×৪=৪

১২.১ "এ বিষয়ে সন্দেহ ছিল তপনের ।" — কোন বিষয়ে তপনের সন্দেহ ছিল?

১২.২"সেদিকে ভুলেও একবার তাকালেন না বিরাগী ।" — বিরাগী কোন দিকে তাকালেন না?

১২.৩ "কিন্তু বুনো হাঁস ধরাই যে এদের কাজ ।" — বুনো হাঁস ধরা'র অর্থ কী?

১২.৪ "আর সেই মেয়েটি আমার অপেক্ষায়" — কোন মেয়েটি?

১২.৫ "আগে পূজ ইষ্টদেবে" — 'ইষ্টদেব' কে?

১৩। কম-বেশি ৬০ টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

১৩.১ "তখন আহ্লাদে কাঁদো কাঁদো হয়ে যায় ।" — কার, কখন এমন ভাব হয়েছিল? ১+২

১৩.২ "কৈ এ ঘটনা তো আমাকে বলেন নি?" — বক্তা কে? ঘটনাট কী? ১+২

১৩.৩ "জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া" — 'মহাবাহু' কে তিনি কী জিজ্ঞাসা করলেন ? ১+২

# মাধ্যমিক ২০২০

## বিষয়- বাংলা

সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০

বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]

---

১. সঠিক উত্তরটি নির্বাচন করোঃ ১৭×১=১৭

১.১ পুলিশ সেজে হরিদা দাঁড়িয়েছিলেন-

(ক) জগদীশবাবুর বাড়ি

(খ) চকের বাসস্ট্যান

গ) দয়ালবাবুর লিচুবাগানে

ঘ) চায়ের দোকানে

১.২ নদেরচাঁদের বয়স-

(ক) পঁচিশ বছর

(খ) ত্রিশ বছর

(গ) পঁয়ত্রিশ বছর

(ঘ) চল্লিশ বছর

১.৩ ছোটোমাসি তপনের থেকে কত বছরের বড়ো?

(ক) বছর পাঁচেকের

(খ) বছর আষ্টেকের

(গ) বছর দশেকের

(ঘ) বছর বরোর

১.৪ 'অভিষেক' শীর্ষক কাব্যাংশটি 'মেঘনাদবধকাব্য'-এর কোন্ সর্গ থেকে নেওয়া হয়েছে?

(ক) প্রথম সর্গ

(খ) তৃতীয় সর্গ

(গ) নবম সর্গ

(ঘ) পঞ্চম সর্গ

১.৫ "তারা আর স্বপ্ন দেখতে পারল না।" কারা স্বপ্ন দেখতে পারল না?

(ক) সেই মেয়েটি

(খ) গির্জার নান

(গ) কবিতার কথক

(ঘ) শান্ত হলুদ দেবতারা

১.৬ "গান বাঁধবে সহস্র উপায়ে- কে গান বাঁধবে ?

(ক) চিল

(খ) কোকিল

(গ) শকুন

(ঘ) ময়ূর

১.৭ পালকের কলমের ইংরেজি নাম হল-

(ক) স্টাইলাস

(খ) ফাউন্টেন পেন

(গ) কুইল

(ঘ) রিজার্ভার পেন

১.৮ কানে কলম খুঁজে দুনিয়া খোজেন-

(ক) প্রাবন্ধিক

(খ) দার্শনিক

(গ) গল্পকার

(ঘ) নাট্যকার

১.৯ “হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড” – উক্তিটি

(ক) রবীন্দ্রনাথের

(খ) বকিমচন্দ্রের

(গ) কালিদাসের

(ঘ) বিদ্যাসাগরের

১.১০ অনুসর্গের দৃষ্টান্ত কোনটি?

(ক) জন্য

(খ) খানা

(গ) টি

(ঘ) গাছা

১.১১ দ্বন্দ্বসমাসে অর্থ প্রাধান্য থাকে-

(ক) পূর্ব পদের

(খ) উভয় পদের

(গ) পর পদের

(ঘ) অন্য পদের

১.১২ ‘ইসাবের মেজাজ চড়ে গেল’ – নিম্নরেখ পদটি কোন কারকের উদাহরণ?

(ক) কর্ম কারক

(খ) করণ কারক

(গ) কর্তৃ কারক

(ঘ) অপাদান কারক

১.১৩ ‘ফেলাইলা কনক–বলয় দূরে’ – নিম্নরেখ পদটি যে সমাসের উদাহরণ তা হল-

(ক) তৎপুরুষ

(খ) অব্যয়ীভাব

(গ) বহুব্রীহি

(ঘ) মধ্যপদলোপী কর্মধারয়

১.১৪ ‘বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না’ – এটি কী ধরনের বাক্য?

(ক) অনুজ্ঞাসূচক বাক্য

(খ) নির্দেশক বাক্য

(গ) বিস্ময়সূচক বাক্য

(ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৫ 'আমি মহারাজ নই, আমি এই সৃষ্টির মধ্যে এককণা ধূলি' – এটি কোন্ শ্রেণির বাক্য?

(ক) সরল বাক্য

(খ) যৌগিক বাক্য

(গ) জটিল বাক্য

(ঘ) মিশ্র বাক্য

১.১৬ 'জগদীশবাবু সিড়ি ধরে নেমে যান' – বাক্যটির ভাববাচ্যের রূপ হল-

(ক) জগদীশবাবুর সিঁড়ি ধরে নামা হয়

(খ) জগদীশবাবুর দ্বারা সিঁড়ি ধরে নামা হয়

(গ) জগদীশবাবু সিড়ি ধরে নামেন

(ঘ) জগদীশবাবু সিঁড়ি ধরে নেমে আসেন

১.১৭ 'নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে'- এটি কোন বাচ্যের উদাহরণ

(ক) কর্মবাচ্য

(খ) ভাববাচ্য

(গ) কর্তৃবাচ্য

(ঘ) কর্মকর্তৃবাচ্য

২. কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও: ১×১৯ = ১৯

২.১ যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও: ১×৪= ৪

২.১.১ "বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের"- নদেরচাঁদের কেন ভয় করতে লাগল?

২.১.২ "অমৃত ফতোয়া জারি করে দিল,"- অমৃত কী 'ফতোয়া' জারি করেছিল?

২.১.৩ "বুড়ো মানুষের কথাটা শুনো" – বুড়ো মানুষের কোন কথা শুনতে বলা হয়েছে?

২.১.৪ "আপনি কি ভগবানের চেয়েও বড়ো ?"- বক্তা একথা কাকে বলেছিলেন ?

২.১.৫ "আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।"- বক্তার কোন্ দিনটি সবচেয়ে দুঃখের?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১ = ৪

২.২.১ "এল ওরা লোহার হাতকড়ি নিয়ে" – ওরা কারা?

২.২.২"হায়, বিধি বাম মম প্রতি।" বক্তার এমন মন্তব্যের কারণ কী?

২.২.৩ "তোমায় নিয়ে বেড়াবে গান"- গান কোথায় বেড়াবে?

২.২.৪ "ধ্বংস দেখে ভয় কেন তোর ?"- কবি এ প্রশ্ন কাদের উদ্দেশ্যে করেছেন?

২.২.৫ 'সিন্ধুতীরে রহিছে মাঞ্জস।" – "মাঞ্জস' শব্দের অর্থ কী?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ৩×১=৩

২.৩.১"তাই নিয়ে আমাদের প্রথম লেখালেখি।"- কী নিয়ে লেখকদের 'প্রথম লেখালেখি'?

২.৩.২ "লাঠি তোমার দিন ফুরাইয়াছে।"- কথাটি কে বলেছিলেন?

২.৩.৩ "এতে রচনা উৎকট হয়।"- 'রচনা উৎকট' হয় কীসে?

২.৩.৪ প্রয়োজনমত বাংলা শব্দ পাওয়া না গেলে কী করা উচিত বলে লেখক মনে করেছেন ?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাওঃ ৮×১=৮

২.৪১ তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.২ সম্বন্ধপদ কারক নয় কেন?

২.৪.৩ অব্যয়ীভাব সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৪ নিরপেক্ষ কর্তার উদাহরণ দাও।

২.৪.৫ নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো:-

"পৃথিবী হয়তো বেঁচে আছে।"

২.৪.৬ উদ্দেশ্য ও বিধেয় অংশ চিহ্নিত করো- "ওরা ভয়ে কাঠ হয়ে গেল।"

২.৪.৭ সূর্য পশ্চিমদিকে উদিত হয়- বাক্যনির্মাণের কোন্ শর্ত এখানে লঙ্ঘন করা হয়েছে ?

২.৪.৮ 'বহুরূপী' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম করো।

২.৪.৯ 'কলম তাদের কাছে আজ অস্পৃশ্য।' জটিল বাক্যে পরিবর্তন করো।

২.৪.১০'নদীর ধারে তার জন্ম হইয়াছে কর্তৃবাচ্যে পরিণত করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও: ৩+৩= ৬

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ১×৩

৩.১.১ "ছেলেদুটোর সবই একরকম, তফাত শুধু এই যে ছেলেদুটি কে কে? তাদের মধ্যে তফাত কোথায়? ১+২

৩.১.২ "সে ভয়ানক দুর্লভ জিনিস।"- কোন জিনিসের কথা বলা হয়েছে? তা দুর্লভ কেন? ১+২

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩

৩.২.১ "এসো যুগান্তের কবি,"– 'যুগান্তের কবি' কে কেন আহ্বান করা হয়েছে? ৩

৩.২.২ "সে জানত না আমি আর কখনো ফিরে আসব না।"- 'সে' কে? 'আমি আর কখনো ফিরে আসব না' বলার কারণ কী? ১+২

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ "ও আমাকে শিখিয়েছে, খাঁটি জিনিস কাকে বলে।"- কে, কাকে শিখিয়েছে? 'খাঁটি জিনিস' বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

৪.২ "তাহার পরিচ্ছদের প্রতি দৃষ্টিপাত করিয়া মুখ ফিরাইয়া হাসি গোপন করিল"— কে হাসি গোপন করল? তার হাসি পাওয়ার কারণ কী? ১+৪

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ "অভিষেক করিলা কুমারে।"– 'কুমার' কে? পাঠ্য কবিতা অবলম্বনে কুমারের চরিত্র আলোচনা করো। ৫

৫.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি"- কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ "বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এখনও নানারকম বাধা আছে।"- লেখক কোন্ ধরনের বাধার কথা বলেছেন? ৫

৬.২ "আমার মনে পড়ে প্রথম ফাউন্টেন কেনার কথা"- বক্তার আসল নাম কী? তাঁর ফাউন্টেন কেনার ঘটনাটি সংক্ষেপে বিবৃত করো। ১+৪

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "এইবার হয় তাে শেষ যুদ্ধ !"– কোন্ যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা এই যুদ্ধকে 'শেষ যুদ্ধ' বলেছেন কেন? ১+৩

৭.২ "দরবার ত্যাগ করতে আমরা বাধ্য হচ্ছি জাঁহাপনা।"- বক্তা কে? তারা কেন দরবার ত্যাগ করতে চান? ১+৩

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

৮.১ “ফাইট কোনি, ফাইট”- সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরনের ‘ফাইট’ করতে হয়েছিল, নিজের ভাষায় লেখ।

৮.২ “ক্ষিদ্দা, এবার আমরা কী খাব?”- বক্তা কে?উদ্দিষ্ট ব্যক্তি কীভাবে তাদের সাহায্য করেছেন? ১+৪

৮.৩ “খাওয়ায় আমার লোভ নেই। ডায়েটিং করি।”- বক্তা কে ? তার ডায়েটিং-এর পরিচয় দাও। ১+৪

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো: ৪

**Home is the first school where the child learns his first lesson. He sees, hears and begins to learn at home. In a good home honest and healthy men are made. Bad influence at home spoils a child.**

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

১০.১ মাধ্যমিকের পর কী বিষয় নিয়ে পড়বে, এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ তোমার এলাকায় অরণ্য সপ্তাহ পালিত হল- এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করোঃ ১০

১১.১ বিজ্ঞানের ভালো মন্দ

১১.২ একটি ভ্রমণের অভিজ্ঞতা

১১.৩ আমাদের পরিবেশঃ সমস্যা অ প্রতিকার

১১.৪ খেলাধুলা ও ছাত্রসমাজ

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০ টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো চারটি): ১×৪ = ৪

১২.১ "নদীকে দেখা হয় নাই।" — নদেরচাঁদ কতদিন নদীকে দেখেনি?

১২.২ "এবারের মতো মাপ করে দিন ওদের।" — একথা কে, কাকে বলেছিলেন?

১২.৩ "মেসোর উপযুক্ত কাজ হবে সেটা।" — কোনটা মেসোর উপযুক্ত কাজ হবে?

১২.৪ "শিঞ্জিনী আকর্ষি রোষে" — 'শিঞ্জিনী' শব্দের অর্থ লেখো।

১২.৫ "ছিনিয়ে নিয়ে গেল তোমাকে," — কে, কাকে ছিনিয়ে নিয়ে গেল ?

১৩। কম-বেশি ৬০ টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৩×২ = ৬

১৩.১ "তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়।" — 'ঢং' বলতে এখানে কী বোঝানো হয়েছে? কীসে ঢং নষ্ট হয়ে যাবে? ১+২

১৩.২ "বিস্মিত হইল বালা" — 'বালা' কে ? তার বিস্ময়ের কারণ কী ছিল? ১+২

১৩.৩ "গল্প গ্রামের বাড়ি বাড়ি ঘুরে গ্রাম-প্রধানের কানে গেল।" — কোন গল্প 'গ্রাম-প্রধানের' কানে গেল ? তিনি কী করলেন? ১+২

# মাধ্যমিক ২০১৯

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১. সঠিক উত্তরটি নির্বাচন করো: ১×১৭=১৭

১.১ তপনের মেসোমশাই কোন পত্রিকায় তপনের লেখা ছাপানোর কথা বলেছিলেন?

ক) ধ্রুবতারা

খ) শুকতারা

গ) সন্ধ্যাতারা

ঘ) রংমশাল

১.২ "নদেরচাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল"—

ক) ৭নং ডাউন প্যাসেঞ্জার

খ) ৫নং ডাউন প্যাসেঞ্জার

গ) ৭নং আপ প্যাসেঞ্জার

ঘ) ৫নং আপ প্যাসেঞ্জার

১.৩ অপূর্বর পিতার বন্ধু হলেন—

ক) জগদীশ বাবু

খ) রামদাস

গ) নিমাই বাবু

ঘ) গিরিশ মহাপাত্র

১.৪ "যেখানে ছিল শহর/সেখানে ছড়িয়ে রইল"— কি ছড়িয়ে রইলো?

ক) পায়ের দাগ

খ) কাঠ কয়লা

গ) গোলাপি গাছ

ঘ) প্রাচীন জল তরঙ্গ

১.৫ আদিম যুগের স্রষ্টার কার প্রতি অসন্তোষ ছিলেন?

ক) দয়াময় দেবতার প্রতি

খ) কবির সংগীতের প্রতি

গ) নিজের প্রতি

ঘ) ধরিত্রীর প্রতি

১.৬ কোনটি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ?

ক) বাবরের প্রার্থনা

খ) অগ্নিবীণা

গ) রূপসী বাংলা

ঘ) পাতার পোষাক

১.৭ রাজশেখর বসুর ছদ্মনাম—

ক) বনফুল

খ) শ্রীপান্ত

গ) পরশুরাম

ঘ) রুপদর্শী

১.৮ "বাংলা বৈজ্ঞানিক প্রবন্ধাদিতে আরেকটি দোষ"-প্রসঙ্গে প্রাবন্ধিক কোন প্রবাদের উল্লেখ করেছেন?

ক) অরণ্যে রোদন

খ) অল্প বিদ্যা ভয়ংকরী

গ) হাতের পাঁচ

ঘ) হ-য-ব-র-ল

১.৯ চীনারা চিরকালই লেখার জন্য ব্যবহার করে আসছে—

ক) তুলি

খ) ব্রোঞ্জের শলাকা

গ) হাড়

ঘ) নলখাগড়া

১.১০ ক্রিয়া পদের সঙ্গে নামের সম্পর্ককে বলে—

ক) সমাস

খ) কারক

গ) প্রত্যয়

ঘ) বিভক্তি

১.১১ 'কথাটা শুনে <u>তপনের</u> চোখ মার্বেল হয়ে গেল' —নিম্ন রেখ পদটি—

ক) সম্বোধন পদ

খ) কর্তৃকারক

গ) সম্বন্ধ পদ

ঘ) নিমিত্ত কারক

১.১২ যে সমাসে সমস্যমান পদ দুটির উভয়পদ বিশেষ্য ও পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে বলে—

ক) তৎপুরুষ সমাস

খ) কর্মধারয় সমাস

গ) দ্বন্দ্বসমাস

ঘ) অব্যয়ীভাব সমাস

১.১৩ <u>কৃত্তিবাস</u> রামচন্দ্র রচনা করেন— নিম্নরেখ পদটি কোন সমাসের উদাহরণ?

ক) কর্মধারয় সমাস

খ) তৎপুরুষ সমাস

গ) বহুব্রীহি সমাস

ঘ) দ্বন্দ্বসমাস

১.১৪ 'আমাদের মধ্যে যারা ওস্তাদ তারা ওই কালো জলে হরিতকী ঘষত। '—বাক্যটি কোন শ্রেণীর?

ক) সরল বাক্য

খ) জটিল বাক্য

গ) যৌগিক বাক্য

ঘ) মিশ্র বাক্য

১.১৫ বিড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে —অর্থগত দিক থেকে এটি—

ক) না সূচক বাক্য

খ) সন্দেহবাচক বাক্য

গ) প্রশ্নবাচক বাক্য

ঘ) প্রার্থনা সূচক বাক্য

১.১৬ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায়—

ক) কর্তৃবাচ্যে

খ) ভাববাচ্যে

গ) কর্মবাচ্যে

ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১৭ তাকে টিকি কিনতে হয়নি —বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হল—

ক) তার টিকিট কেনা হয়নি

খ) তিনি টিকিট কেনেননি

গ) তার দ্বারা টিকিট কীত হয়নি

ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন

২. কমবেশি ২০টি শব্দের প্রশ্ন গুলি উত্তর দাও: ১৯×১=১৯

২.১ যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ 'অদল-বদলের গল্প' গ্রাম প্রধানের কানে গেলে তিনি কী ঘোষণা করেছিলেন?

২.১.২ "সপ্তাহে বড়োজোর একটা দিন বহুরূপী সেজে পথে বের হন হরিদা"- 'বহুরূপী' কাকে বলে?

২.১.৩ ভামো যাত্রায় ট্রেনে অপূর্বের কে কে সঙ্গী হয়েছিল?

২.১.৪ "সূচিপত্রেও নাম রয়েছে"- সূচিপত্রে কী লেখা ছিল?

২.১.৫ মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী?

২.২ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.২.১ "ছড়ানো রয়েছে কাছে দূরে!"- কী ছড়ানো রয়েছে?

২.২.২ "ছদ্মবেশী অম্বুরাশি-সুতা" কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন?

২.২.৩ "সখী সবে আজ্ঞা দিল"- বক্তা তার সখীদের কী আজ্ঞা দিয়েছিলেন?

২.২.৪ 'অসুখী একজন' কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন?

২.২.৫ "প্রলয় বয়েও আসছে হেসে"- 'প্রলয়' বহন করেও হাসির কারণ কী?

২.৩ যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ "সোনার দোয়াত কলম যে সত্যই হতো" তা লেখক কীভাবে জেনেছিলেন?

২.৩.২ দোকানদার লেখককে কলম বিক্রি করারআগে কী জাদু দেখিয়েছিলেন?

২.৩.৩ ছেলেবেলায় রাজশেখর বসু কার লেখা জ্যামিতি বই পড়তেন?

২.৩.৪ কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে পরিভাষা সমিতি নিযুক্ত করেছিলেন?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮×১=৮

২.৪.১ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো।

২.৪.২ 'মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা' নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩ ব্যাসবাক্যসহ একটি দ্বন্দ্বসমাসের উদাহরণ দাও।

২.৪.৪ 'মেঘেঢাকা' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম উল্লেখ করো।

২.৪.৫ বিধেয় প্রসারকের একটি উদাহরণ দাও।

২.৪.৬ 'ঠিক ইসাবের মতো জামাটি না পেলে ও স্কুলে যাবে না।'- যৌগিক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ কর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.৮ 'তারা আর স্বপ্ন দেখতে পারল না।'- ভাববাচ্যে পরিবর্তন করো।

২.৪.৯ অলোপ সমাস কি?

২.৪.১০ সে তখন যেতে পারবে না হ্যাঁ— বাচক বাক্যে পরিবর্তন করো।

৩. প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও: ৩+৩=৬

৩.১ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ "যে ভয়ংকর আহ্লাদটা হওয়ার কথা, সে আহলাদ খুঁজে পায় না"। আহলাদ হবার কথা ছিল কেন ? 'আহ্লাদ খুঁজে' না পাওয়ার কারণ কি? ১+২

৩.১.২ "নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে ।" —কার কথা বলা হয়েছে তার পাগলামি কি? ১+২

৩.২ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.২.১ "অতি মনোহর দেশ"— এই 'মনোহর দেশে'র সৌন্দর্যের পরিচয় দাও। ৩

৩.২.২ "অস্ত্র ফেলো, অস্ত্র রাখো" — কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন? তাঁর এ কথা বলার কারন কি? ১+২

৪. কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্ন উত্তর দাও: ৫

৪.১ 'নদীর বিদ্রোহ' গল্প অবলম্বনে নদীর প্রতি নদের চাঁদের অকৃত্রিম ভালবাসার পরিচয় দাও। ৫

৪.২ "অদৃষ্ট কখনো হরিদা এই ভুল ক্ষমা করবেন না।" হরিদা কি ভুল করেছিলেন? অদৃষ্ট ক্ষমা না করার পরিণাম কি? ৩+২=৫

৫. কমবেশি ১৫০ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ "চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।" —'তোমার' বলতে কার কথা বলা হয়েছে ? তার 'অপমানিত ইতিহাসে'র সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫.২ "অস্ত্রের বিরুদ্ধে গান" কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখ।

৬. কম বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।" কারা-কালি তৈরি করতেন? তারা কিভাবে কালি তৈরি করতেন? ১+৪

৬.২ "পাশ্চাত্য দেশের তুলনায় এদেশে জনসাধারণের বৈজ্ঞানিক জ্ঞান নগণ্য।" লেখকের এমন মন্তব্যের কারণ কি? ৫

৭. কমবেশি ১২৫ শব্দের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "বাংলায় এই দুরদিনে আমাকে ত্যাগ করবেন না।" কাদের উদ্দেশ্যে কথা বলা হয়েছেৎ? কোন দুর্দিনের জন্য তার এই আবেদন? ১+৩

৭.২ "ওখানে কি দেখচ মূর্খ, বিবেকের দিকে চেয়ে দেখো!" — বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি বক্তার কি মনোভাব লক্ষ করা যায়? ১+৩

৮. কমবেশি ১৫০ শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

৮.১ “আপনি আমার থেকে ৪ হাজার গুন বড়লোক, কিন্তু চার লক্ষ টাকা খরচ করেও আপনি নিজের শরীরটাকে চাকর বানাতে পারবেন না।” বক্তা কাকে, কেন এ কথা বলেছিলেন? ১+৪

৮.২ “এটা বুকের মধ্যে পুষে রাখুক।” —কি পুষে রাখার কথা বলা হয়েছে? কি কারনে এই পুষে রাখা? ২+৩

৮.৩ ‘কোনি’ উপন্যাসের কাহিনী অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী রূপে লীলাবতীর পরিচয় দাও। ৫

৯. চলতি গদ্য বঙ্গানুবাদ কর: ৪

**One day a fox was going beside the vine yard. He saw the ripe grapes hanging from a vine. He jumped but did not reach it. Because they were beyond his reach.**

১০. কম বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

১০.১ বৃক্ষরোপন-উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।

১০.২ বিদ্যালয়ে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

১১. কমবেশি ৪০০ শব্দে যেকোনো একটি বিষয় প্রবন্ধ রচনা করো: ১০

১১.১ বিজ্ঞান ও কুসংস্কার

১১.২ তোমার প্রিয় ঋতু

১১.৩ ছুটির দিন

১১.৪ বিশ্ব-উষ্ণায়ন

[কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২ কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও : (যে-কোনো ৪টি) ১×৪ = ৪

১২.১. "রত্নের মূল্য জহুরির কাছেই।"— কোন রত্নের কথা বলা হয়েছে ?

১২.২ গিরীশ মহাপাত্রের পকেট থেকে কী কী পাওয়া গিয়েছিল ?

১২.৩ নদেরচাঁদের দেশের নদীটি কেমন ছিল ?

১২.৪ "এল মানুষ-ধরার দল" — কীসের জন্য 'মানুষ-ধরার দল' এলো ?

১২.৫ "আসবে ঊষা অরুণ হেসে" — 'ঊষা' কখন আসবে ?

১৩. কম-বেশি ৬০টি শব্দের মধ্যে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাও: ৩×২ = ৬

১৩.১ "'ইসাবের মেজাজ চড়ে গেল" — ইসাবের মেজাজ চড়ে গিয়েছিল কেন? এর পর সে কী করেছিল? ২ + ১

১৩.২ "কৈ এ ঘটনা তো আমাকে বলেন নি?" —প্রশ্নটি কার? 'ঘটনা'টি কী ছিল? ১ + ২

১৩.৩ "ছিঁড়িল কুসুমদাম রোষে মহাবলী মেঘনাদ"—'মহাবলী মেঘনাদ' কী কারণে 'কুসুমদাম' ছিঁড়লেন তা বুঝিয়ে দাও। ৩

# মাধ্যমিক ২০১৮

বিষয়- বাংলা

সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০

বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]

---

১. সঠিক উত্তরটি নির্বাচন করো: ১৭×১=১৭

১.১ সপ্তাহে হরিদা বহুরূপী সেজে বাইরে যান –

ক) একদিন (উত্তর)

খ) দুদিন

গ) চারদিন

ঘ) পাঁচদিন

১.২ তপনের মেসোমশাই কোন পত্রিকার সম্পাদক-

ক) শুকতারা

খ) আনন্দ মেলা

গ) সন্ধ্যা তাঁরা (উত্তর)

ঘ) দেশ

১.৩ "দয়ার সাগর ! পরকে সেজে দি, নিজে খাইনে " – বক্তা হলেন –

ক) জগদীশবাবু (উত্তর)

খ) নিমাইবাবু

গ) অপূর্ব

ঘ) গিরিশ মহাপাত্র

১.৪ 'সমুদ্রনৃপতি সুতা' – কে?

ক) লক্ষী

খ) পদ্ম (উত্তর)

গ) উমা

ঘ) বারুনি

১.৫ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি ' – কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

ক) নিহিত পাতলা ছায়া

খ) পাঁজরে দাড়ের শব্দ

গ) দিনগুলি রাতগুলি

ঘ) জলই পাষান হয়ে আছে (উত্তর)

১.৬ "সেই হোক তোমার সভ্যতার শেষ পূর্ণবানী" -"সভ্যতার শেষ পূর্ণবানী"-

ক) বিদ্বেষ ত্যাগ করো

খ) ক্ষমা করো (উত্তর)

গ) ভালোবাসো

ঘ) মঙ্গল করো

১.৭ **Sensitized paper** ' – এর অনুবাদ কী লিখলে ঠিক হয় বলে প্রাবন্ধিক মনে করেছেন?

ক) স্পর্শকাতর কাগজ

খ) শুবেদী কাগজ

গ) সুগ্রাহী কাগজ (উত্তর)

ঘ) বেখ্যাপ্রবন কাগজ

১.৮ চারখন্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টদশ শতকে কত টাকা পেয়েছিলেন?

ক) সাত টাকা (উত্তর)

খ)আট টাকা

গ) ন-টাকা

ঘ) দশ টাকা

১.৯ ' শ্রীপান্থ ' ছন্দনামে লিখেছেন

ক) অন্নদাশঙ্কর রায়

খ) বলাইচাঁদ মুখোপাধ্যায়

গ) সুনীল গঙ্গোপাধ্যায়

ঘ) নিখিল সরকার (উত্তর)

১.১০ রাজায় রাজায় যুদ্ধ হয় – এই ব্যাকের কর্তাটি হল –

ক) প্রযোজ্য কর্তা

খ) ব্যতিহার কর্তা (উত্তর)

গ) সহযোগী কর্তা

ঘ) সমধতুজ কর্তা

১.১১ পরপদটি প্রদান হয় যে সমসে সেটি –

ক) অধ্যায়ীভাব

খ) তৎপুরুষ

গ) দ্বিগু (উত্তর)

ঘ) বহুব্রীহি

১.১২ রামদাস আর কোনো প্রশ্ন করিল না – নিম্নরেখা পদটি যে সমসের উদাহরণ সেটি হল –

ক) তৎপুরুষ (উত্তর)

খ) অব্যাইভাব

গ) কর্মধারয়

ঘ) দ্বিগু

১.১৩ তোরা সব জয়ধবনি কর ' – এটি কোন বাচ্চ এর উদাহরণ

ক) কর্তৃবাচ্য (উত্তর)

খ) কর্মবাচ্য

গ) ভাববাচ্য

ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৪ হায়, তোমার এমন দশা কে করলে ! এটি কী ধরণের বাক্য ?

ক) অনুজ্ঞাসূচক

খ) বিস্ময়সূচক (উত্তর)

গ) নির্দেশক ব্যাক

ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৫ বয়স ত্রিশ – বত্রিশের অধিক নয়, কিন্তু ভারী রোগা দেখাইলো | এটি কোন শ্রেণীর বাক্য ?

ক) সরল বাক্য

খ) জটিল বাক্য

গ) মিশ্র বাক্য

ঘ) যৌগিক বাক্য (উত্তর)

১.১৬ মন্দিরে বাজছিলো পূজার ঘন্টা – নিম্নরেখা পদটি কোন কারকের উদাহরণ ?

ক) কর্তৃকারোক

খ) করণ কারক

গ) অপাদান কারক

ঘ) অধিকরণ কারক (উত্তর)

১.১৭ রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' লিখে নোবেল পুরস্কার পান – এই বাক্যর নিম্নরেখা অংশটি হল –

ক) উদ্দেশ্য

খ) উদ্দেশ্যের সম্প্রসারক

গ) বিধেয় (উত্তর)

ঘ) বিধেয়ের সম্প্রসারক

২. কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও: ১×১৯ = ১৯

২.১ যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও। ১×৪= ৪

২.১.১ "তবে এ বস্তুটি পকেটে কেন?"— কোন বস্তুটি পকেটে ছিল?

২.১.২ হরিদার জীবন এই রকম বহুরূপের খেলা দেখিয়েই একরকম চলে যাচ্ছে" । কী রকম খেলা দেখিয়ে হরিদার জীবন চলে যাচ্ছে?

২.১.৩ "নদেরচাঁদ সব বোঝে"— নদেরচাঁদ কী বোঝে?

২.১.৪ একটু কারেকশন করে ইয়ে করে দিলেই ছাপাতে দেওয়া চলে । কে কী ছাপানোর কথা বলেছেন?

২.১.৫ "এসো আমরা কুস্তি লড়ি" । কে, কাকে বলেছিল ?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১ = ৪

২.২.১ ব্রিদ্রুপ করেছিলে ভীষণকে— কীভাবে বীদ্রুপ করেছিল?

২.২.২ কে কবে শুনেছে পুত্র, ভেসে শিলা জলে— বক্তার এমন মন্তব্যের কারণ কী?

২.২.৩ "ওরে ওই স্তব্ধ চরাচর"— 'চরাচর' শব্দ ব্যবহারের কারণ কী?

২.২.৪ "রক্ত মুছি শুধু গানের গায়ে"— উক্তিটির অর্থ লেখো।

২.২.৫ "কন্যারে ফেলিলো যথা"— কন্যাকে কোথায় ফেলা হয়েছিল?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ৩×১=৩

২.৩.১ আমাদের অলংক্কারীগণ শব্দের ত্রিবিধি কথা বলছেন, শব্দের ত্রিবিধি কথা কী ?

২.৩.২ "যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ বা প্রবন্ধ লেখা হয় তাদের মোটামুটি দুই শ্রেণীতে ভাগ্য করা যাতে পারে" – শ্রেণী দুটি কী ??

২.৩. দুজন সাহিত্যিক এর নাম করো যাদের নেশা ছিল ফাউন্টেন পেন সংগ্রহ করা ?

২.৩.৪ লেখক শ্রীকান্ত ছোটো বেলায় কিসে 'হোম টাস্ক' করতেন ?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮×১=৮

২.৪.১ নির্দেশক বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.২ শব্দ বিভক্তির একটি উদাহরণ দাও।

২.৪.৩ প্রযোজ্য কর্তা কাকে বলে?

২.৪.৪ নিম্নে লেখা শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো: কহো দাশে লঙ্কার 'কুশল' ?

২.৪.৫ সমন্দ পদ কাকে বলে ?

২.৪.৬ গৌর অঙ্গ যাহার – ব্যাসবাক্যটির সমাষবদ্ধ করে সমষের নাম লেখো ?

২.৪.৭ কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.৮ বাবুটির স্বাস্থ গেছে, কিন্তূ শখ ষোলোআনা বজায় আছে| সরল বাক্য পরিণত করো ?

২.৪.৯ 'আর কোনো ভয় নেই'— প্রশ্নবোধক বাক্যে পরিণত করো।

২.৪.১০ 'বুড়ো মানুষের কথা শুনো'— কর্মবাচ্যে পরিণত করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও: ৩+৩= ৬

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ১×৩

৩.১.১ "উনি দশ বছরের অমৃতকে জড়িয়ে ধরলেন " । উনি কে ? কেন অমৃতকে উনি জড়িয়ে ধরলেন?

৩.১.২ "বাবাই একদিন এর চাকরি করে দিয়েছিলেন " । বক্তা কে ? তার বাবা কে ? কী চাকরি দিয়েছিলেন?

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩

৩.২.১ "সব চূর্ণ হয়ে গেলো জলে গেলো আগুনে" । কোন কোন জিনিসের কথা বলা হয়েছে ? এই পরিণীতির কারণ কী ?

৩.২.২ আমাদের ইতিহাস নেই – কে, কেন এ কথা বলেছেন?

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

৪.১ তপন আর পড়তে পারে না । বোবার মতো বসে থাকে । তপনের এরকম অবস্থার কারণ বর্ণনা করো?

৪.২ "অমৃত সত্যি তার বাবা মা কে খুব জ্বালিয়েছিল" । অমৃত কিভাবে বাবা মা কে জ্বালাতেন ? অবশেষে তার মা কী করেছিলেন?

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ আমরাও তবে এইভাবে/এ মুহূর্তে মরে যাবো নাকি"? এমনটা মনে হচ্ছে কেন?

৫.২ নমি পুত্র পিতার চরণে, করজোড় কহিলা, পিতা ও পুত্রের পরিচয় দাও ? পাঠ্যাংশের অবলম্বনে পিতা পুত্রের কথোপকথন নিজের ভাষায় লিখো ?

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ 'বাংলা ভাষার বিজ্ঞান' শীর্ষক প্রবন্ধটিতে পরিভাষা রচনা সম্পর্কে লেখক যে বক্তব্য প্রকাশ করেছেন তা আলোচনা করো?

৬.২ "আশ্চর্য সবই আজ অবলুপ্তির পথে" । কোন জিনিস আজকে অবলুপ্তির পথে? এই অবলুপ্তির কারণ কী?এই বিষয়ে লেখকের মতামত কী ?

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয় – মিলিত হিন্দু – মুসলমানের মাতৃভূমি এই গুলবগ এই বাংলা |" কাদের উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে? এই বক্তব্যর মধ্যে দিয়ে বক্তার কী চারিত্রিক বৈশিষ্ট প্রতিফলিত হয়েছে?

৭.২ মুন্সীজী, এই পত্রের মর্ম সভাসদ্দের বুঝিয়ে দিন । "কে, কাকে পত্র লিখেছিলেন? এই পত্রে কী লেখা ছিল?

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

৮.১ কোনি উপন্যাস অবলম্বনে সাঁতার প্রশিক্ষক ক্ষিতিশ সিংহের চরিত্র সংক্ষেপে আলোচনা করো?

৮.২ "ওইটাই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি" – বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো?

৮.৩ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল"। কোনি কিভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল তা সংক্ষেপে লেখো ?

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো: ৪

**The teachers are regarded as the backbone of the society. They build the future citizens of country. They love students as their children. The teachers always encourage and inspire us to be good and great in life.**

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

১০.১ কুসংস্কার প্রতিরোধে বিজ্ঞানমনস্কতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক কাল্পনিক সংলাপ রচনা করো ?

১০.২ তোমার এলাকায় একটি পাঠাগার উদ্বোধন হল- এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো ?

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো: ১০

১১.১ বইপড়া

১১.২ বাংলার উৎসব

১১.৩ পরিবেশ সুরক্ষার ছাত্র সমাজের ভূমিকা

১১.৪ তোমার বিদ্যালয় জীবনের প্রথম দিন

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো চারটি): ৪×১=৪

১২.১ আফ্রিকাকে 'ছায়াবৃত্ত' বলার কারণ কী?

১২.২ "অপূর্ব রাজি হইয়াছিল" – অপূর্ব কিসে রাজি হইয়াছিল?

১২.৩ 'প্রলয়োল্লাস' কবিতায় কবি 'জয়ধ্বনি' করার কথা বলেছেন কেন?

১২.৪ "তথা কন্যা থাকে সর্বক্ষণ" – 'তথা' বলতে কোন স্থানের কথা বলা হয়েছে?

১২.৫ "ইসাবের মনে পড়ল" – ইসাবের কী মনে পড়ল?

১৩। কম-বেশি ৩০টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৩=৬

১৩.১ "আজ তার মনে হইল কী প্রয়োজন ছিল ব্রিজের?"— কার মনে হল? কেন এমন মনে হল? ১+২

১৩.২ "অপুরাশি-সুতা উঠরিল;"— 'অপুরাশি-সুতা' কে? তিনি কী বার্তা বহন করে এনেছিলেন? ১+২

১৩.৩ "সেই মেয়েটির মৃত্যু হলো না" – কোন মেয়েটির কথা বলা হয়েছে? মেয়েটির কেন মৃত্যু হল না? ১+২

# মাধ্যমিক ২০১৭

বিষয়- বাংলা

সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০

বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]

---

১. সঠিক উত্তরটি নির্বাচন করো: ১×১৭=১৭

১.১ গিরিশ মহাপাত্রের সাথে অপূর্বর পুনরায় কোথায় দেখা হয়েছিল—

ক) পুলিশ স্টেশনে

খ) জাহাজ ঘাটায়

গ) রেল স্টেশনে

ঘ) বিমান বন্দরে

১.২ বাইজির ছদ্মবেশে হরিদার রোজগার হয়েছিল—

ক) আট টাকা দশ আনা

খ) আট টাকা আট আনা

গ) দশ টাকা চার আনা

ঘ) দশ টাকা দশ আনা

১.৩ হোলির দিন দলের ছেলেরা অমৃত আর ইসাবকে এক রকম পোশাক দেখে কি করতে বলেছিল—

ক) ছবি আঁকতে

খ) হোলি খেলতে

গ) কুস্তি লড়তে

ঘ) ফুটবল খেলতে

১.৪ ‘সিন্ধুতীরে’ কাব্যাংশ টি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

ক) লোরচন্দ্রানি

খ) পদ্মাবতী

গ) সতীময়না

ঘ) তহফা

১.৫ “প্রদোষ কালে ঝঞ্ঝা বাতাসে রুদ্ধশ্বাস,” —প্রদোষ কথার অর্থ—

ক) সন্ধ্যা

খ) ভোর

গ) রাত্রি

ঘ) দুপুর

১.৬ ইন্দ্রজিতের স্ত্রীর নাম—

ক) ইন্দিরা

খ) শর্মা

গ) নিক্সা

ঘ) প্রমিলা

১.৭ “সিজার যে কলমটি দিয়ে  কাসকাকে আঘাত করেছিল” — তার পোশাকি নাম—

ক) রিজার্ভার

খ) স্টাইলাস

গ) পার্কার

ঘ) পাইলট

১.৮ নিজের হাতের কলমের আঘাতে মৃত্যু হয়েছিল যে লেখকের, তাঁর নাম—

ক) বনফুল

খ) পরশুরাম

গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

ঘ) শৈলন্দাজ মুখোপাধ্যায়

১.৯ যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ বা প্রবন্ধ লেখা হয় তাদের প্রথম শ্রেণীটি—

ক) ইংরেজি ভাষায় দক্ষ

খ) বাংলা ভাষায় দক্ষ

গ) ইংরেজি জানে না বা অতি অল্প জানে

ঘ) ইংরেজি জানে এবং ইংরেজি ভাষায় অল্পাধিক বিজ্ঞান পড়েছে।

১.১০ বিভক্তি—

ক) সর্বদা শব্দের পূর্বে বসে

খ) সর্বদা শব্দের পরে যুক্ত হয়

গ) শব্দের পরে আলাদাভাবে বসে

ঘ) শব্দের পূর্বে আলাদাভাবে বসে

১.১১ ‘তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।’ নিম্ন রেখো পদটি—

ক) অপাদান কারক

খ) কর্ম কারক

গ) করণ কারক

ঘ) অধিকরণ কারক

১.১২ কর্মধারয় সমাসের প্রাধান্য থাকে—

ক) পূর্ব পদের অর্থের

খ) পর পদের অর্থের

গ) উভয় পদের

ঘ) ভিন্ন অর্থ সমস্ত পদের

১.১৩ ইশাবের  সঙ্গে কুস্তি লড়তে তো একেবারে গড়রাজি —নিম্ন রেখো পথে কোন সমাসের উদাহরণ?

ক) অব্যয়ীভাব

খ) নঞ তৎপুরুষ

গ) বহুব্রীহি

ঘ) কর্মধারয়

১.১৪ “এইটুকু কাশির পরিশ্রমে সে হাপাইতে লাগিল” — বাক্যটি কোন শ্রেণীর?

ক) সরল বাক্য

খ) জটিল বাক্য

গ) যৌগিক বাক্য

ঘ) মিশ্র বাক্য

১.১৫ যে বাক্য সাধারনভাবে কোন কিছুর বর্ণনা বা বিবৃতি থাকে, তাকে বলা হয়—

ক) অনুজ্ঞাসূচক বাক্য

খ) নির্দেশক বাক্য

গ) আবেগ সূচক বাক্য

ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৬ যে বাক্য কর্ম কর্তা রূপে প্রতিমান হয় তাকে বলে—

ক) কর্মবাচ্য

খ) কর্তৃবাচ্য

গ) ভাববাচ্য

ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ "পাঁচ দিন নদীকে দেখা হয় নাই" — এটি কোন বাচ্যের উদাহরণ?

ক) কর্তৃবাচ্য

খ) ভাববাচ্য

গ) কর্মবাচ্য

ঘ) কর্মকর্তৃবাচ্য

২. কমবেশি ২০ টি সব এর নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ১×১৯=১৯

২.১ নিচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ১×৪=৪

২.১.১ তপনের গল্প পড়ে ছোট মাসে কি বলেছিল?

২.১.২ "এক একখানি পাতা সিরিয়া দুমড়াইয়া মোচড়াইয়া জলে ফেলিয়া দিতে লাগিল"। —উদ্দেশ্য ব্যক্তি কিসের পাতা জলে ফেলতে লাগলো?

২.১.৩ "ইহা যে কত বড় ভ্রম তাহা কয়েকটা স্টেশন পরেই সে অনুভব করিল "। ভ্রম'টি কি?

২.১.৪ 'অদল বদল' গল্পটি কে বাংলায় তরজমা করেছেন?

২.১.৫ জগদীশ বাবু তীর্থ ভ্রমণের জন্য কত টাকা বিরাগীকে দিতে চেয়েছিলেন?

২.২ নিচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ১×৪=৪

২.২.১ "শিশু আর বাড়িরা খুন হল" — 'শিশু আর বাড়িরা খুন' হয়েছিল কেন?

২.২.২ "আমাদের পথ নেই আর" — তাহলে আমাদের করণীয় কি?

২.২.৩ "এসো যুগান্তরের কবি" — কবির ভূমিকাটি কি হবে?

২.২.৪ "অস্ত্র ফেলো, অস্ত্র রাখো" — কোথায় অস্ত্র ফেলার কথা বলা হয়েছে?

২.২.৫ "দেখিয়া রূপের কলা বিস্মিত হইল বালা / অনুমান করে নিজ চিতে।" 'বালা' কি অনুমান করেছিল?

২.৩ নিচের যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

২.৩.১ 'হারিয়ে যাওয়া কালি কলম'— এ বর্ণিত সবচেয়ে দামি কলমটির কত দাম?

২.৩.২ "আমরা ফেরার পথে কোনো পুকুরে তা ফেলে দিয়ে আসতাম।" — বক্তা কেন তা পুকুরে ফেলে দিতেন?

২.৩.৩ বিশ্ববিদ্যালয় নিযুক্ত পরিভাষা সমিতি নবাগত রাসায়নিক বস্তুর ইংরেজি নাম সম্বন্ধে কি বিধান দিয়েছিলেন?

২.৩.৪ পরিভাষার উদ্দেশ্য কি?

২.৪ নিচে যে কোন আটটি প্রশ্নের উত্তর দাও: ১×৮=৮

২.৪.১ ‘শূন্য বিভক্তি’ কাকে বলে?

২.৪.২ ‘অস্ত্র রাখো’ — নিম্ন রেখো পথটির কারক ও বিভক্তি নির্ণয় কর।

২.৪.৩ নিত্য সমাস কাকে বলে?

২.৪.৪ ‘চরম কমলের ন্যায়’ — ব্যাসবাক্যটির সমাজবদ্ধ করে সমাসের নাম লেখ।

২.৪.৫ আমি গ্রামের ছেলে — বাক্যটির উদ্দেশ্য ও বিধেয় অংশ চিহ্নিত কর।

২.৪.৬ একটি অনুজ্ঞাসূচক বাক্যের উদাহরণ দাও।

২.৪.৭ কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্যে পরিবর্তনের অন্তত একটি পদ্ধতি উল্লেখ কর।

২.৪.৮ প্রযোজক কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৯ অসিত বাবু আর কোন প্রশ্ন করলেন না — প্রশ্ন বাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.১০ ‘এ কার লেখা?’ কর্তৃবাচ্যে পরিবর্তন করো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি সাতটি শব্দের নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ৩+৩=৬

৩.১ নিচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

৩.১.১ ফরিদা পুলিশ সেজে কোথায় দাঁড়িয়ে ছিলেন তিনি কিভাবে মাস্টার মশাই কে বোকা বানিয়েছিলেন? ১+২

৩.১.২ “নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।” —কে বুঝতে পেরেছে? নদীর বিদ্রোহ বলতে সে কি বোঝাতে চেয়েছে? ১+২

৩.২ নিচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

৩.২.১ “আসছে নবীন —জীবনহারা অ-সুন্দরের করতে ছেদন!” —উদ্ধৃতিটির তাৎপর্য লেখ। ১+২

৩.২.২ “জিজ্ঞাসিলা মহাবাহু বিষময় মানিয়া;” — কাকে মহাবাহু বলা হয়েছে? তার বিস্ময়ের কারণ কি? ১+২

৪. কম বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

৪.১ “বাবুটির স্বাস্থ্য গেছে ,কিন্তু শখ ষোলআনায় বজায় আছে।” —বাবুটি কে? তার সাজসজ্জার পরিচয় দাও। ১+৪

৪.২ জগদীশ বাবুর বাড়ি হরিদা বিরাগী সেজে যাওয়ার পর যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা কর।

৫. কম বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

৫.১ “হায় ছায়াবৃতা” — ‘ছায়াবৃতা’ বলার কারণ কি? তার সম্পর্কে কবি কি বলেছেন সংক্ষেপে লেখ। ১+৪

৫.২ “যেখানে ছিল শহর/ সেখানে ছড়িয়ে রইল কাঠকয়লা।” —’অসুখী একজন’ কবিতায় অবলম্বনে শহরের এই পরিণতি কিভাবে হলো লেখ।

৬. কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

৬.১ “বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানারকম বাধা আছে।” —এই বাধা দূর করতে লেখক কি কি পরামর্শ দিয়েছেন তা আলোচনা কর।

৬.২ ‘ফাউন্টেন পেন’ বাংলায় কি নামে পরিচিত? নামটি কার দেওয়া বলে উল্লেখ করা হয়েছে ?ফাউন্টেন পেনের জন্ম ইতিহাস লেখো। ১+১+৩

৭. কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

৭.১ ‘সিরাজদ্দৌলা’ নাট্যাংশ অবলম্বনে সিরাজদ্দৌলার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা কর।

৭.২ “কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা” — কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে? একথা বলার কারণ কি? ১+৩

৮. কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

৮.১ কোনির পারিবারিক জীবনের পরিচয় দাও।

৮.২ ক্ষিদ্দা কিভাবে কোনির জীবনে প্রেরণা হিসেবে কাজ করেছিল সে সম্পর্কে আলোচনা কর।

৮.৩ "জোচ্চুরি করে আমাকে বসিয়ে রেখে এখন ঠেকাই পড়ে এসেছে আমার কাছে" — কোনির এই অভিমান এর কারণ কি? এর পরবর্তী ঘটনা সংক্ষেপে বর্ণনা কর। ২+৩

৯. চলতি গদ্যে বঙ্গানুবাদ কর: ৪

**One day a dog stole a piece of meat from a butcher shop. He was crossing over a bridge. Suddenly, he saw his own shadow in the water. He thought that there was another dog and he had a bigger piece of meat.**

১০. কমবেশি ১৫০ শব্দে যে কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

১০.১ নারী স্বাধীনতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা কর।

১০.২ কোনো গ্রামীন এলাকায় একটি সরকারি হাসপাতাল উদ্বোধন হলো —এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. কমবেশি ৪০০ শব্দে যেকোনো <u>একটি</u> বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ১০×১=১০

১১.১ বাংলার ঋতু বৈচিত্র

১১.২ তোমার প্রিয় পর্যটন কেন্দ্র

১১.৩ দৈনন্দিন জীবনে বিজ্ঞান

১১.৪ একটি গাছ একটি প্রাণ

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো <u>চারটি</u>): ১×৪=৪

১২.১ "হরিদার এ কথার সঙ্গে তর্ক চলে না" – হরিদার কোন কথার সঙ্গে তর্ক চলে না?

১২.২ "অমৃত এখনও পিছুপা হতে রাজি নয়" – অমৃত কোন বিষয়ে পিছুপা হতে রাজি নয়?

১২.৩ আফ্রিকা 'নিভৃত অবকাশে' কী করছিল?

১২.৪ "যথাবিধি লয়ে গঙ্গাপক" – 'গঙ্গাপক' কী?

১২.৫ "নদেরচাঁদ নতুন সহকারীকে ডাকিয়া বলিল, আমি চললাম হে!"— নদেরচাঁদ কখন চললেন?

১৩। কম-বেশি ৩০টি শব্দের মধ্যে যে-কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাও: ৩×২=৬

১৩.১ "আর সেই মেয়েটি আমার অপেক্ষায়" – মেয়েটি কে? অপেক্ষায় থাকার বিষয়টি স্পষ্ট করো।

১৩.২ "ছিনিয়ে নিয়ে গেল তোমাকে" – কে, কাকে ছিনিয়ে নিয়ে গেল? কোথায় ছিনিয়ে নিয়ে গেল?

১৩.৩ "এবার মারি তো হাতি, লুটি তো ভাণ্ডার" – এমন উক্তি কে প্রকাশ করেছিলেন? তিনি কেমন ভাব প্রকাশ করেছিলেন?